# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmr.dm@betar.gov.bd

Falgun 21, 1432 Bangla, March 06, 2026, Friday, No. 65, 56th year

# H I G H L I G H T S

Government has decided to confer "Independence Award 2026" on 15 distinguished individuals, including former PM late Begum Khaleda Zia & 5 institutions in recognition of their "outstanding contributions at national level" in their respective fields. [BBC: 03]

Jamaat-e-Islami Nayeb-e-Ameer Dr Syed Abdullah Mohammed Taher has demanded that Foreign Minister Khalilur Rahman be removed from the cabinet. [BBC: 03]

TIB has called for the cancellation of the appointment of the newly appointed governor of Bangladesh Bank to ensure the central bank's independence, neutrality, and freedom from conflicts of interest. [Jago FM: 17]

Despite government's recent VAT restructuring aimed at lowering costs, market realities on the ground in Dhaka and beyond remain tough for consumer. City dwellers are suffering. [Jago FM: 21]

Women leaders have demanded that the trial of rape cases be completed within three months, ensuring the protection of victims and witnesses --- rape is not just a problem for women, it must be identified as a problem for the state and society as a whole. [DW: 15]

Road Transport and Bridges Minister Sheikh Rabiul Alam has said that if any bus company charges excessive fares during Eid, its route permit will be cancelled. [Jago FM: 18]

Iranian Foreign Minister Abbas Araghchi has accused the United States and Israel of deliberately attacking their civilian areas. [BBC: 12]

Australian Prime Minister Anthony Albanese & Canadian Prime Minister Mark Carney have called for a de-escalation of tensions in the Middle East. [BBC: 11]

Sir Keir Starmer has remained steadfast in his decision not to join the joint US-Israeli attack on Iran. He has also refused to allow US aircraft to use British bases to carry out attacks. [BBC: 12]

UNHCR has said that many people have been displaced by the escalation of violence in various regions, including Middle East. Almost 100,000 people left Tehran in the first two days after the attack. [BBC: 11]

**দৈনিক মনিটরিং রিপোর্ট**
**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**
**ফাল্গুন ২১, বাংলা ১৪৩২, মার্চ ০৬, ২০২৬, শুক্রবার, নং- ৬৫, ৫৬তম বছর**

# শিরোনাম

জাতীয় পর্যায়ে গৌরবোজ্জ্বল ও কৃতিত্বপূর্ণ অবদানের জন্য খালেদা জিয়াসহ ১৫ জন বিশিষ্ট ব্যক্তি এবং পাঁচটি প্রতিষ্ঠানকে 'স্বাধীনতা পুরস্কার ২০২৬' দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে সরকার। [বিবিসি: ০৩]

পররাষ্ট্রমন্ত্রী খলিলুর রহমানকে মন্ত্রিসভা থেকে বের করে দেওয়ার দাবি তুলেছেন জামায়াতে ইসলামীর নায়েবে আমির সৈয়দ আব্দুল্লাহ মোহাম্মদ তাহের। [বিবিসি: ০৩]

বাংলাদেশ ব্যাংকের স্বাধীন, নিরপেক্ষ ও বিশেষ করে স্বার্থের সংঘাতমুক্ত ভূমিকা পালন নিশ্চিতের স্বার্থে নবনিযুক্ত গভর্নরের নিয়োগ বাতিল করতে হবে --- জানিয়েছেন টিআইবির নির্বাহী পরিচালক ড. ইফতেখারুজ্জামান। [জাগো এফএম: ১৭]

তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাসের ওপর থেকে ভ্যাট কমানো হলেও, সাধারণ ক্রেতারা এর সুফল পাচ্ছেন না। দেশের বিভিন্ন এলাকায়, বিশেষ করে রাজধানীতে এখনো বেশি দামে সিলিন্ডার বিক্রি হওয়ায় ভোগান্তিতে পড়েছেন নগরবাসী। [জাগো এফএম: ২১]

ভুক্তভোগী ও সাক্ষীর সুরক্ষা নিশ্চিত করে তিন মাসের মধ্যে ধর্ষণ মামলার বিচার শেষ করার দাবি জানিয়েছেন নারী নেত্রীরা --- ধর্ষণকে শুধু নারীর সমস্যা নয়, এটিকে রাষ্ট্র ও সমাজের সামগ্রিক সমস্যা হিসেবে চিহ্নিত করার দাবিও জানান তারা। [ডয়চে ভেলে: ১৫]

ঈদের সময় কোনো বাস কোম্পানি অতিরিক্ত ভাড়া নিলে তার রুট পারমিট বাতিল করা হবে বলে জানিয়েছেন সড়ক পরিবহণ ও সেতু মন্ত্রী শেখ রবিউল আলম। [জাগো এফএম: ১৮]

ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাঘচী অভিযোগ করেছেন, যুক্তরাষ্ট্র ও ইসরায়েল উদ্দেশ্যপ্রণোদিতভাবে তাদের বেসামরিক এলাকায় হামলা চালাচ্ছে। [বিবিসি: ১২]

অস্ট্রেলিয়ার প্রধানমন্ত্রী অ্যান্থনি আলবানিজ এবং কানাডিয়ান প্রধানমন্ত্রী মার্ক কার্নি মধ্যপ্রাচ্যে উত্তেজনা নিরসনের আহ্বান জানিয়েছেন। [বিবিসি: ১১]

ইরানে যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের যৌথ হামলায় যুক্ত না হওয়ার সিদ্ধান্তে অটল ব্রিটিশ প্রধানমন্ত্রী স্যার কিয়ের স্টারমার। তিনি মার্কিন যুক্তরাষ্ট্রের বিমানকে ব্রিটিশ ঘাঁটি ব্যবহার করে হামলা চালানোর অনুমতিও দেননি। [বিবিসি: ১২]

মধ্যপ্রাচ্যসহ বিভিন্ন অঞ্চলে সহিংসতা বেড়ে যাওয়ায় বহু মানুষ বাস্তুচ্যুত হয়েছে বলে জানিয়েছে জাতিসংঘের শরণার্থী বিষয়ক সংস্থা ইউএনএইচসিআর। সংস্থাটি জানিয়েছে, হামলার পর প্রথম দুই দিনেই প্রায় এক লাখ মানুষ তেহরান ছেড়ে চলে গেছে। [বিবিসি: ১১]

# বিবিসি

## খালেদা জিয়াসহ ১৫ জন ব্যক্তি ও পাঁচটি প্রতিষ্ঠানকে দেওয়া হচ্ছে স্বাধীনতা পুরস্কার

বাংলাদেশ সরকার, জাতীয় পর্যায়ে গৌরবোজ্জ্বল ও কৃতিত্বপূর্ণ অবদানের জন্য ১৫ জন বিশিষ্ট ব্যক্তি এবং পাঁচটি প্রতিষ্ঠানকে 'স্বাধীনতা পুরস্কার ২০২৬' দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে। মনোনীত ব্যক্তিরা হলেন- স্বাধীনতা, গণতন্ত্র ও নারী শিক্ষাসহ দেশগঠনে সার্বিক অবদানের জন্য খালেদা জিয়া (মরণোত্তর); মুক্তিযুদ্ধে অবদানের জন্য মেজর মোহাম্মদ আবদুল জলিল (মরণোত্তর); বিজ্ঞান ও প্রযুক্তিতে অবদানের জন্য অধ্যাপক ড. জহুরুল করিম, সাহিত্যে ড. আশরাফ সিদ্দিকী (মরণোত্তর), সংস্কৃতিতে এ কে এম হানিফ (হানিফ সংকেত) ও বশির আহমেদ (মরণোত্তর), ক্রীড়ায় জোবেরা রহমান (লিনু), সমাজসেবা/জনসেবায় ডা. জাফরুল্লাহ চৌধুরী (মরণোত্তর), মো. সাইদুল হক ও মাহেরীন চৌধুরী (মরণোত্তর), জনপ্রশাসনে কাজী ফজলুর রহমান (মরণোত্তর), গবেষণা ও প্রশিক্ষণে মোহাম্মদ আবদুল বাকী, অধ্যাপক ড. এম এ রহিম ও অধ্যাপক ড. সুকোমল বড়ুয়া, পরিবেশ সংরক্ষণে আবদুল মুকিত মজুমদার (মুকিত মজুমদার বাবু)। প্রতিষ্ঠানের মধ্যে রয়েছে- মুক্তিযুদ্ধে অবদানের জন্য ফৌজদারহাট ক্যাডেট কলেজ; চিকিৎসাবিদ্যায় ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতাল; পল্লী উন্নয়নে পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ); সমাজসেবা/ জনসেবায় এস ও এস চিলড্রেন্স ভিলেজ ইন্টারন্যাশনাল ইন বাংলাদেশ ও গণস্বাস্থ্য কেন্দ্র।(বিবিসি ওয়েব পেজ: ০৫.০৩.২০২৬ এলিনা)

## খলিলুর রহমানকে মন্ত্রিসভা থেকে বের করে দেওয়ার দাবি তুলেছে জামায়াত

পররাষ্ট্রমন্ত্রী খলিলুর রহমানকে মন্ত্রিসভা থেকে বের করে দেওয়ার দাবি তুলেছেন জামায়াতে ইসলামীর নায়েবে আমির সৈয়দ আব্দুল্লাহ মোহাম্মদ তাহের। দলটির কেন্দ্রীয় কার্যালয়ে অনুষ্ঠিত এক সংবাদ সম্মেলনে এ কথা বলেন তিনি। মি. তাহের বলেন, "একটা সুষ্ঠু নির্বাচনের জন্য এ জাতির জন্য অত্যন্ত প্রয়োজন ছিল, তাদের মনের আকাঙ্ক্ষা ছিল, মনের দাবি ছিল, গত ৫৬ বছরে এ জাতি কোনো নির্বাচন পায়নি। আমরা সকলে চেষ্টা করেছিলাম যে, একটা সুষ্ঠু নির্বাচন হবে এবং এই নির্বাচনের মাধ্যমে যারাই নির্বাচিত হয়, তারাই সরকার গঠন করবে।„ তিনি উল্লেখ করেন, এই জাতির সাথে নির্বাচন নিয়ে "দালালি, গাদ্দারি করা হয়েছে।„ পররাষ্ট্রমন্ত্রীকে এ বিষয়ে জিজ্ঞাসাবাদ করা উচিত বলে দাবি করেন তিনি। "এত বড়ো আকাঙ্ক্ষা সুষ্ঠু নির্বাচনের জন্য, এটা ভন্ডুল করে দিয়েছে এই মীরজাফররা। সুতরাং এই মীরজাফরদেরকে, খলিলুর রহমানকে আমি দাবি করবো, সরকার যদি স্বচ্ছতা কিছুটা হলেও ...। খলিলুর রহমান ডিফেন্স অ্যাডভাইজার ছিল, নিরাপত্তার অ্যাডভাইজার ছিল, তো তাকে মন্ত্রিসভা থেকে বের করে দেওয়া উচিত এবং তাকেও জিজ্ঞাসাবাদে এনে ষড়যন্ত্র কীভাবে হয়েছে, সেটাকে বের করা উচিত।„ "আর রিজওয়ানা (সাবেক অন্তর্বর্তী সরকারের পরিবেশ উপদেষ্টা সৈয়দা রিজওয়ানা হাসান) তো নিজেকেই বলছেন, রাজসাক্ষী হয়েছেন নিজে নিজেই এবং তার কাছ থেকেও এই সত্য উদ্ঘাটন করা উচিত,„ বলেন মি. তাহের। উল্লেখ্য, খলিলুর রহমান অন্তর্বর্তী সরকারের জাতীয় নিরাপত্তা উপদেষ্টা ছিলেন। ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের পরে বিএনপি সরকার গঠন করলে তাকে মন্ত্রিসভায় ঠাঁই দেয়। খলিলুর রহমান বর্তমান সরকারের পররাষ্ট্রমন্ত্রী।(বিবিসি ওয়েব পেজ: ০৫.০৩.২০২৬ এলিনা)

## ঈদের ছুটি বাড়ানোর সিদ্ধান্ত

আসছে ঈদুল ফিতরের ছুটি বাড়ানোর সিদ্ধান্ত নিয়েছে সরকার। সরকারি ক্যালেন্ডার অনুযায়ী, ১৭ মার্চ শবে কদরের ছুটির পর একদিন, ১৮ মার্চ অফিস খোলা থাকার কথা ছিল। তবে আজ বৃহস্পতিবার মন্ত্রিপরিষদ বৈঠকে ১৮ মার্চ ছুটি ঘোষণার সিদ্ধান্ত হয়েছে। এর ফলে টানা সাতদিন ছুটি পাবেন সরকারি চাকরিজীবীরা। মন্ত্রিসভার একজন সদস্য বিবিসি বাংলাকে এই তথ্য নিশ্চিত করেছেন। সচিবালয়ে অনুষ্ঠিত মন্ত্রিসভা বৈঠকে সভাপতিত্ব করেন প্রধানমন্ত্রী তারেক রহমান।(বিবিসি ওয়েব পেজ: ০৫.০৩.২০২৬ এলিনা)

## 'ভাড়াটে সৈন্য' হিসেবে রাশিয়ার পক্ষে লড়ছে বাংলাদেশি তরুণরা, তারা যুদ্ধে জড়াচ্ছে কীভাবে?

"প্রাণ নিয়ে দেশে ফিরতে পারবো, এটা কল্পনাও করতে পারতাম না। যুদ্ধক্ষেত্রে পরিস্থিতি এতটা ভয়াবহ ছিল,„ বিবিসি বাংলাকে বলছিলেন মুন্সিগঞ্জের বাসিন্দা মোহন মিয়াজি। মি. মিয়াজি ২০২৪ সালের জানুয়ারিতে রুশ সেনাবাহিনীতে যোগ দিয়ে ইউক্রেনের বিপক্ষে যুদ্ধে গিয়েছিলেন। এরপর যুদ্ধক্ষেত্রে যে ভয়াবহ অভিজ্ঞতার মধ্যদিয়ে যেতে হয়েছে, সেটি বর্ণনা করতে গিয়ে তিনি বলেন, "চারিদিকে শুধু লাশ আর লাশ। যেদিকে চোখ যায়, সেদিকেই দেখা যায় মানুষ মরে পড়ে রয়েছে।„ "আসলে ফ্রন্টলাইন (সম্মুখযুদ্ধ) মানে প্রতিটা সেকেন্ডেই মৃত্যুর ভয়। সবসময় গুলি, আর্টিলারি, ড্রোন হামলা চলতেই থাকে, যেখানে-সেখানে ল্যান্ডমাইন। হাঁটার সময় একটু এদিক-সেদিক হলেই মাইন বিস্ফোরণ হয়ে প্রাণ চলে যেতে পারে " যোগ করেন মি. মিয়াজি। এই যুদ্ধে তার এক বন্ধুও প্রাণ হারিয়েছেন বলে জানান। "আমার বন্ধু আশিকুর, ওর বাড়ি নোয়াখালী, সেও আমার সঙ্গে একসাথে যুদ্ধ গিয়েছিল। কয়েক মাস আগে ও ল্যান্ডমাইন বিস্ফোরণে মারা গেছে,„ বলতে গিয়ে গলা ধরে আসে মি. মিয়াজির। খাবারের কষ্টের বিষয়ে বলেন, "যুদ্ধের ভয়াবহতার কারণে প্রায়ই খাবার পৌঁছাতে সমস্যা হয়। তখন দিনের পর দিন না খেয়ে থাকতে হয়।„ এমন

পরিস্থিতিতে রুশ সৈন্য শিবির থেকে পালিয়ে সম্প্রতি দেশে ফিরে এসেছেন মুন্সিগঞ্জের এই তরুণ। যদিও পালিয়ে আসার বিষয়টি সহজ ছিল না।

"সেনাক্যাম্পের চারপাশে সব সময় কড়া গার্ড থাকে। পালানোর সুযোগ নেই। কিন্তু আমার কিছুদিনের ছুটি ছিল। তখন ক্যাম্পের বাইরে এসে সেখান থেকে বাংলাদেশ এম্বাসির সহায়তায় দেশে ফিরে এসেছি,, বলেন মি. মিয়াজি। তবে বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রণালয়ের তথ্য বলছে, দেশটির অনেক নাগরিক এখনও রাশিয়ার পক্ষে লড়ছেন। সম্মুখসারিতে যুদ্ধ করতে গিয়ে তারা প্রাণ হারাচ্ছেন, হাত-পা হারিয়ে পঙ্গুত্বও বরণ করছেন কেউ কেউ। কারো কারো ক্ষেত্রে আবার মাসের পর মাস কোনো খোঁজ পাওয়া যাচ্ছে না। তারা কি বেঁচে আছেন, নাকি মারা গেছেন? জানেন না দেশে থাকা স্বজনরা। কিন্তু ইউক্রেন ও রাশিয়ার মধ্যকার যুদ্ধে কেন এবং কীভাবে জড়িয়ে পড়ছেন বাংলাদেশের নাগরিকরা? অনুসন্ধানে বিবিসি বাংলা এমন একটি দালাল চক্রকে খুঁজে পেয়েছে, যাদের বিরুদ্ধে ভালো চাকরির মিথ্যা প্রতিশ্রুতি দিয়ে বাংলাদেশ থেকে সাধারণ মানুষদের রাশিয়া নিয়ে গিয়ে যুদ্ধে অংশ নিতে বাধ্য করার অভিযোগ রয়েছে। দালালদের এই চক্রটির সঙ্গে ভারতীয় দু-জন নাগরিকের জড়িত থাকার তথ্যও সামনে এসেছে। অন্যদিকে, পড়াশোনা ও কাজের সুবাদে বাংলাদেশ থেকে যারা রাশিয়া যাচ্ছেন, তাদের মধ্য থেকেও অনেকে মোটা অর্থ ও স্থায়ী নাগরিকত্বের প্রলোভনের ফাঁদে পড়ে ইউক্রেন যুদ্ধে জড়িয়ে পড়ছেন বলেও জানা যাচ্ছে।

**রাশিয়ায় কাজে গিয়ে যুদ্ধে জড়াচ্ছে যেভাবে**

যুদ্ধে যাওয়ার মাস ছয়েক আগে, ২০২৩ সালের মাঝামাঝি সময়ে চীনা একটি তেল-গ্যাস কোম্পানিতে কাজ করতে রাশিয়ায় পাড়ি জমিয়েছিলেন মোহন মিয়াজি। কিন্তু কয়েক মাস না যেতেই চাকরিটা ছেড়ে দেন তিনি। "কোম্পানিটা বেতন-ভাতা ভালোই দিতো, কিন্তু সাইবেরিয়া অঞ্চলে হওয়ায় সেখানে অতিরিক্ত ঠান্ডা ছিল। গড় তাপমাত্রা হিমাঙ্কের ৪০ থেকে ৫০ ডিগ্রি নিচে নেমে যেত। চারদিকে বরফে ঢাকা। সেজন্য সবাই অতিষ্ঠ হয়ে অন্য কোম্পানিতে কাজের সুযোগ খুঁজছিল,, বলছিলেন মি. মিয়াজি। এর মধ্যে ওই কোম্পানিতে কর্মরত আরেক বাংলাদেশি চাকরি ছেড়ে রুশ সেনাবাহিনীতে যোগ দেন। "আমার ওই সহকর্মীর নাম সোহেল। সে আমার পাশের রুমে থাকতো। রাশিয়ায় আসার আগে বাংলাদেশে যখন মেডিক্যাল (স্বাস্থ্য পরীক্ষা) করি, তখনও আমরা একসঙ্গেই করছিলাম। সে রাতের আঁধারে পালিয়ে যুদ্ধে চলে যায়,, বলেন মোহন মিয়াজি। ওই সহকর্মীর পরামর্শ ও উৎসাহেই পরবর্তীতে রুশ সেনাবাহিনীর যোগদানের সিদ্ধান্ত নেন বলে জানান মুন্সিগঞ্জের এই তরুণ। "যুদ্ধে যাওয়ার পর সোহেল একটা হটসঅ্যাপ গ্রুপ খোলে। সেখানে সে যুদ্ধের বিভিন্ন ভিডিও শেয়ার করতে থাকে এবং সবাইকে যুদ্ধে যাওয়ার ব্যাপারে ইন্সপায়ার (উৎসাহিত) করতে থাকে,, বলেন মি. মিয়াজি। তিনি আরও বলেন, "সোহেল বলেছিল, সেখানে সে ভালো আছে। তাকে সরাসরি যুদ্ধে যাওয়া লাগেনি। ক্যাম্পেই বিভিন্ন কাজ করে। আমরা যোগ দিলে আমাদেরও যুদ্ধে পাঠানো হবে না। সেজন্য রাজি হয়েছিলাম।,, রাজি হওয়ার পর সোহেল নামের ওই সহকর্মী একজন রুশ নারীর সঙ্গে যোগাযোগ করিয়ে দেন মোহন মিয়াজিকে। সেই নারীই পরবর্তীতে তাকে রুশ সেনা দফতরে নিয়ে যান। "সেখানেও ওই ম্যামকে আমি জানিয়েছিলাম যে, সরাসরি যুদ্ধ যেতে চাই না। আমি যেহেতু ইলেক্ট্রনিক কাজে স্কিলড (দক্ষ), সেজন্য ওই কাজে দিতে বলছিলাম। ম্যামও বললো, হ্যাঁ, ওখানে এই কাজ আছে " বলেন মি. মিয়াজি। কিন্তু কিছুদিন না যেতেই বাংলাদেশি এই তরুণের বুঝতে বাকি থাকে না যে, তাকে আসলে মিথ্যা বলা হয়েছে। "ওই ম্যামের কথামতো ক্যাম্পে কমান্ডারকে আমি আমার সব স্কিলস দেখাই। কিন্তু সে আমাকে বলে, আপনি ইলেক্ট্রনিক কাজে এক্সপার্ট আছেন, কিন্তু আপনার তো এখানে কনট্রাক্ট (চুক্তি) হয়েছে যুদ্ধে যাওয়ার জন্য। কাজেই আপনাকে অন্য কাজে দেওয়ার কোনো স্কোপ (সুযোগ) নেই। সে (রুশ নারী) আপনার সাথে প্রতারণা করেছে,, বলছিলেন মি. মিয়াজি।

**'বেশিরভাগই হয় পঙ্গু, না হয় মৃত'**

মি. মিয়াজি চীনা যে কোম্পানিতে কাজ করতেন, সেখানকার এক ডজনেরও বেশি কর্মী পরবর্তীতে চাকরি ছেড়ে যুদ্ধে অংশ নিয়েছেন বলে জানিয়েছে বর্তমান ও সাবেক কর্মীরা। যারা যুদ্ধে যোগ দিয়েছেন, তাদের মধ্যে বেশ কয়েকজনের সঙ্গে কথা হয় বিবিসি বাংলার। মি. মিয়াজির মতো তারাও মি. সোহেলের বিরুদ্ধে অভিযোগ তুলেছেন। যদিও বর্তমানে রুশ সেনাবাহিনীতে কর্মরত থাকায় নিরাপত্তার স্বার্থে কেউই নিজেদের নাম-পরিচয় প্রকাশ করতে রাজি হননি। "সোহেল আমাদেরকে বলতো, বিদেশি নাগরিক কাউকে রাশিয়া যুদ্ধে পাঠায় না। বাহিরের কাজ দেয়। স্যালারি (বেতন) ভালো, রাশিয়ার পাসপোর্ট পাওয়া যাবে। তো উনি (সোহেল) বলতেন, আমার সঙ্গে যোগাযোগ করো, আমি আসার ব্যবস্থা করে দেব। এভাবে আমরা ধাপে ধাপে কোম্পানি থেকে অনেকজন যুদ্ধে আসি,, বিবিসি বাংলাকে বলছিলেন রুশ সেনাবাহিনীতে চুক্তিভিত্তিক নিয়োগপ্রাপ্ত বাংলাদেশি যুবক রাসেল শিকদার (ছদ্মনাম)। সাবেক সহকর্মীদের মধ্যে যারা একসঙ্গে যুদ্ধে গিয়েছিলেন, তাদের মধ্যে অনেকেই হতাহত হয়েছে বলে জানান তিনি। "আমরা যারা একসঙ্গে যুদ্ধে যোগ দিয়েছিলাম, তাদের মধ্যে বেশিরভাগই গোলাগুলিতে হয় পঙ্গু হয়ে গেছে, না হয় মারা গেছে। সোহেল ভাই যদি মিথ্যা কথা বলে আমাদেরকে না আনতো, তাহলে আমরা কখনোই যুদ্ধে আসতাম না,, বলেন ওই যুবক। অভিযুক্ত মোহাম্মদ সোহেল নিজেও বর্তমানে রুশ সেনাবাহিনীর হয়ে কাজ করছেন। যোগাযোগ করা হলে তিনি

রুশ বাহিনীর পক্ষে সৈন্য সংগ্রহের অভিযোগ অস্বীকার করেছেন। এছাড়া সাবেক সহকর্মীদের কয়েকজনকে রাশিয়ার সেনা বাহিনীতে যোগদানের ক্ষেত্রে সাহায্য করার কথা স্বীকার করলেও, সেটার বিনিময়ে অর্থ পাওয়ার অভিযোগও অস্বীকার করেছেন। যদিও বিষয়টি নিয়ে আনুষ্ঠানিক কোনো বক্তব্য দিতে রাজি হননি। কিন্তু ফেসবুকে তার যে ভেরিফাইড প্রোফাইল রয়েছে, সেখানে বছরখানেক ধরেই নিয়মিতভাবে যুদ্ধের ময়দান থেকে ভিডিও প্রকাশ করতে দেখা যাচ্ছে তাকে। সেগুলোতে রুশ সেনাদের ব্যবহৃত বিভিন্ন ভারি অস্ত্র ও যুদ্ধে তাদের অর্জনকে তুলে ধরার প্রচেষ্টা লক্ষ্য করা গেছে। তার এসব ভিডিও লাখ লাখ বার দেখা হয়েছে এবং কমেন্টে বাংলাদেশ থেকে অনেকেই রাশিয়ার পক্ষে যুদ্ধে অংশ নেওয়ার ব্যাপারে আগ্রহ দেখিয়েছেন।

**দালাল চক্রের প্রতারণা**

পরিচিত মুখের বাইরেও যুদ্ধক্ষেত্রে বাংলাদেশি অনেক অপরিচিত মুখ দেখেছেন বলে বিবিসি বাংলাকে জানিয়েছেন চীনা কোম্পানি থেকে যুদ্ধে যাওয়া বাংলাদেশি তরুণদের কয়েকজন। "অপরিচিতদের মধ্যে আমার সঙ্গে একজনের দেখা হয়েছিল, যে স্টুডেন্ট ভিসায় রাশিয়া গিয়েছিল। আরেকজন ছিল মধ্যবয়সি। সে প্রতারণার শিকার হয়ে বাংলাদেশ থেকে আসছিল,„ বিবিসি বাংলাকে বলছিলেন মোহন মিয়াজি। রুশ বাহিনীর হয়ে যুদ্ধে অংশ নেওয়া বাংলাদেশি আরেক তরুণও একই ধরনের তথ্য দিয়েছেন। "আমাদের আগের ব্যাচে প্রায় ৪৭ জনের একটা বাংলাদেশি টিম যুদ্ধের জন্য এসেছিল। উনারা দালাল চক্রের মাধ্যমে এসেছে বলে আমরা পরে জানতে পারি,„ বলেন ইউক্রেনে রুশ বাহিনীর পক্ষে যুদ্ধরত এক বাংলাদেশি, যিনি নিরাপত্তার স্বার্থে নিজের নামপ্রকাশ করতে রাজি হননি। বাংলাদেশ থেকে যারা দালাল চক্রের প্রতারণার শিকার হয়ে রাশিয়া গিয়ে যুদ্ধে অংশ নিতে বাধ্য হয়েছেন, তেমনই একজন রাজবাড়ির বাসিন্দা নজরুল ইসলাম। সাবেক সেনা সদস্য মি. ইসলাম বেশ কয়েক মাস আগে যুদ্ধক্ষেত্রে প্রাণ হারিয়েছেন বলে জানান তার পরিবারের সদস্যরা। "ফোন দিয়ে হাউমাউ করে কাঁদতেছে আর বলতেছে, আমারে ক্ষমা করে দিও। চারটে জান্নাত (সন্তান) তোমার কাছে রেখে আসছি। তুমি ওই চারটে জান্নাত দেখে রাইখো। পরে সেও আমার কাছে ক্ষমা চাইলো, আমিও তার কাছে ক্ষমা চাইলাম,„ বিবিসি বাংলাকে বলছিলেন ইউক্রেন যুদ্ধে নিহত নজরুল ইসলামের স্ত্রী আইরিন আক্তার। "তখন বললো যে, যদি পনেরোদিন-একমাস দেখো যে, আমার সাথে যোগাযোগ নেই, ভেবে নিও আমি মারা গেছি,„ বলতে গিয়ে কেঁদে ফেলেন মিজ আক্তার। স্বামীর সঙ্গে এটাই ছিল আইরিন আক্তারের শেষ কথা। মিজ আক্তার জানান, ভালো বেতনে হাসপাতালে নিরাপত্তা প্রহরীর চাকরির প্রতিশ্রুতি দিয়ে গত বছরের ফেব্রুয়ারিতে তার স্বামীকে রাশিয়ায় নিয়ে যায় দালালদের একটি চক্র। এরপর চাপ প্রয়োগ করে মি. ইসলামকে যুদ্ধে যেতে বাধ্য করা হয় বলে দাবি করেন নজরুল ইসলামের স্ত্রী। "ওদের আটকায় রেখে প্রাণনাশের হুমকি দেয় যে, যদি আপনারা আজকে এই কাগজপত্রে সই না করেন, রাশিয়ান যে কাগজে, যদি সই না করেন, তাহলে আপনাদের মেরে ফেলে দেওয়া হবে, এমনকি আপনাদের লাশটাও দেশের মানুষ খোঁজ পাবে না,„ বলছিলেন মিজ আক্তার। "পরে উনি আমারে এগুলো বলে হাউমাউ করে কাঁদতেছে যে, আমি কী করলাম! তোমার কথাও শুনলাম না। তুমি যা যা বলছো, আজ তাই তাই হচ্ছে। আজ তোমার কথা শুনলে আমি হয়ত প্রাণে বেঁচে থাকতাম, ছেলে-মেয়ে নিয়ে ডাল-ভাত খাইতে পারতাম,„ বলতে গিয়ে আবারও ফুঁপিয়ে কেঁদে ওঠেন নিহত নজরুল ইসলামের স্ত্রী আইরিন আক্তার।

**'এভাবে প্রতারণা করবে, বুঝতে পারি নাই'**

নজরুল ইসলামের মৃত্যুর খবর স্ত্রী-সন্তানরা জানতে পারেন তার সহযোদ্ধা ইকবাল হোসেনের মাধ্যমে। ফার্নিচার কোম্পানিতে চাকরির কথা বলে রাশিয়ায় নিয়ে মি. হোসেনকেও যুদ্ধে পাঠানো হয়েছে বলে অভিযোগ করেছে তার পরিবার। "আগে জানলে কখনোই আমরা তাকে যাইতে দিতাম না। আমি এজেন্সিকে বারবার বলেছি যে, আপনারা এখনও সত্য কথা বলেন, প্রয়োজনে আমি টাকা ফেরত নেব না। যদি যুদ্ধে পাঠানো হয়, তাহলে আমি উনাকে দেব না। কিন্তু উনারা বলেছে, কোনোভাবেই যুদ্ধ পাঠানো হবে না। বলছে, যুদ্ধ তো অনেক দূর, নিতেছি ফার্নিচার কোম্পানির কাজের জন্য। যুদ্ধে পাঠানো হইবো নাকি!„ বিবিসি বাংলাবে বলছিলেন ইকবাল হোসেনের স্ত্রী জান্নাতুল ফেরদৌস। মি. হোসেন বর্তমানে ইউক্রেনে রাশিয়ার পক্ষে যুদ্ধ করছেন। প্রায় মাসখানেক ধরে তার কোনো খোঁজ পাচ্ছিল না পরিবারের সদস্যরা। পরে জানা যায় যে, তিনি আহত হয়ে হাসপাতালে ভর্তি রয়েছেন। "পুরোটা ফ্যামিলির ভিতর একমাত্র উপার্জনকারী আমার স্বামী। তো উনার যদি কিছু হয়ে যায়, তাহলে রাস্তায় বসা ছাড়া কোনো উপায় নেই আমাদের। আমার একটা বাচ্চা। আমার বিয়ে হইছে একটা বছর হইলো মাত্র।„ "আমার এই বাচ্চাটা ছোটো রাইখা, একমাস ২৪ দিনের বাচ্চা রাইখা উনি রাশিয়া গেছে। দালালরা এভাবে প্রতারণা করবে, আমরা সেটা বুঝতে পারি নাই,„ দীর্ঘশ্বাস ছাড়েন মিজ ফেরদৌস।

**মধ্যপ্রাচ্য হয়ে রাশিয়া**

অনুসন্ধানে বিবিসি বাংলা জানতে পেরেছে যে, বাংলাদেশ থেকে রাশিয়ায় নেওয়ার ক্ষেত্রে ভুক্তভোগীদেরকে প্রথমে মধ্যপ্রাচ্যের যে-কোনো একটি দেশে নেওয়া হচ্ছে। এরপর সেখান থেকে নিয়ে যাওয়া হচ্ছে রাশিয়ায়। রাশিয়া পৌঁছানোর পর ফাঁদে ফেলে চক্রের সদস্যরা কীভাবে রুশ সেনাবাহিনীতে যোগদানে বাধ্য করেন, বিবিসি বাংলার কাছে

সেটার বর্ণনা দিয়েছেন এক ভুক্তভোগী। তিনিও বর্তমানে রুশ বাহিনীতে কর্মরত থাকায় নিরাপত্তার কথা ভেবে নাম-পরিচয় গোপন রাখা হয়েছে। "ওইখানে আমাদেরকে মনে করেন এক প্রকার জোর-জবরদস্তি করেই কন্টাক্টটা সাইন করায় ওরা আমাদের। আমাদের পাসপোর্টগুলা তাদের কাছে ছিল। আমরা ফেরত চাইছি অনেকবার, কিন্তু তারা ফেরত দেয় নাই। না দিয়ে এক প্রকারের ব্ল্যাকমেইল করে আমাদের দিয়ে এই কন্টাক্টটা সাইন করানো হইছে " বিবিসি বাংলাকে বলছিলেন দালালের খপ্পরে পড়ে রাশিয়া গিয়ে যুদ্ধে যোগ দেওয়া ওই বাংলাদেশি। চুক্তিপত্রটি ছিল রুশ ভাষায়। ফলে স্বাক্ষর করার আগে বাংলাদেশি এসব নাগরিকরা জানতেন না, সেখানে ঠিক কী লেখা আছে। "আমরা তো রুশ ভাষা জানি না। আমাদের শুধু বলছে, সিগনেচার করতে, আমরা সিগনেচার করছি। সিগনেচার না করলে তো আমরা এখান থেকে বের হতেও পারতেছি না। আমাদের প্ল্যান ছিল, আমরা এখানে সিগনেচার করবো, তারপর ফিল্ডে যাবো। সেখান থেকে পলাই-টলাই হয়ত বের হওয়া যাবে। কিন্তু সেটা তো পারি নাই,„ বলেন রুশ সেনাদের হয়ে যুদ্ধে অংশ নেওয়া ওই প্রবাসী বাংলাদেশি। রুশ ভাষায় লেখা যে কাগজে দালালরা জোর করে সই করতে বাধ্য করেছে, সেটির একাধিক কপি বিবিসি বাংলার হাতে এসেছে। যাচাই করে বিবিসি বাংলা দেখেছে যে, কাগজটি আসলে রুশ বাহিনীর পক্ষে যুদ্ধে যোগদানের আনুষ্ঠানিক চুক্তিপত্র। একবছর মেয়াদি ওই চুক্তিপত্রে রাশিয়ার সরকারি সিল এবং রুশ সেনাবাহিনীর একজন ঊর্ধ্বতন কর্মকর্তার স্বাক্ষরও রয়েছে।

**বেতনের অর্থও হাতিয়ে নিচ্ছে দালালরা**

বিবিসি জানতে পেরেছে, এই চুক্তির মাধ্যমে আনুষ্ঠানিকভাবে যুদ্ধে যোগ দেওয়ার পর, চুক্তি স্বাক্ষরকারী প্রতিটি ব্যক্তির ব্যাংক হিসেবে এককালীন বড়ো অঙ্কের অর্থ দেয় রুশ সরকার। এর বাইরে, প্রতিমাসে বেতনও দেওয়া হয়। কিন্তু এসব অর্থেরও বেশিরভাগ অংশ তুলে নিচ্ছে দালাল চক্রের সদস্যরা। "আমাদের কন্টাক্ট সাইন (চুক্তি স্বাক্ষর) করা বাবদ বিশ লাখ রুবল দিয়েছে রাশিয়ার সরকার। কিন্তু আমাদের দেওয়া হইছে, আট লাখ রুবল, আর বাকিটা ওরা খাইছে। এমনকি আমরা যদি মারা যায় বা যুদ্ধে ক্ষয়ক্ষতি হয়, তাহলেও রুশ সরকারের দেওয়া অর্থ বা সম্পদ তারা পাবে- এভাবে করে আমাদের কাছ থেকে পাওয়ার অব অ্যাটর্নি করে কাগজপত্রে সই করে নিছে ওরা। জোর করে নিছে,„ বিবিসি বাংলাকে বলেন ইউক্রেনে যুদ্ধে যেতে বাধ্য হওয়া প্রবাসী ওই বাংলাদেশি। এমনকি যুদ্ধে পাঠানোর পর সেখান থেকে নিরাপদ স্থানে সরিয়ে নেওয়ার প্রতিশ্রুতি দিয়েও চক্রটি অনেকের কাছ থেকে কয়েক লাখ করে টাকা নিয়েছে বলে জানিয়েছেন ভুক্তভোগীদের পরিবার। যাদের কাছ থেকে এভাবে টাকা নেওয়া হয়েছে, তেমনই একজন সাহিদ মোস্তফা তাঈন। যদিও শেষপর্যন্ত কথা রাখেনি দালাল চক্রের সদস্যরা। "জসিম সাহেব বলে, তাইন তুমি ওখানে তিন লাখ রুবল দাও, তাহলে তোমাকে যুদ্ধ থেকে সরিয়ে এনে একটা সেফ জোনে রাখবো। `ও, সাথে সাথে টাকা দিয়ে দিছে। একসঙ্গে এত টাকা তুলতে গিয়ে ওর কার্ডও আটকে গেছে," বিবিসি বাংলাকে বলছিলেন সাহিদ মোস্তফা তাঈনের বড়ো বোন লোপা মোস্তফা।

**চোখে ঘুম নেই স্বজনদের**

সম্মুখসারিতে যুদ্ধে যাওয়া মি. তাঈনের চার মাসেরও বেশি সময় ধরে কোনো খোঁজ পাওয়া যাচ্ছে না। তার দুশ্চিন্তায় অসুস্থ হয়ে পড়েছেন বৃদ্ধ মা। চোখে ঘুম নেই পরিবারের অন্য সদস্যদের। "আমার ভাই যুদ্ধে গেছে শোনার সাথে সাথেই আমার মায়ের একটা স্ট্রোক হয়, ব্রেন স্ট্রোক। ওই ঘটনার পর থেকে সে কিছুই মনে রাখতে পারে না,„ বিবিসি বাংলাকে বলছিলেন সাহিদ মোস্তফা তাঈনের বড়ো বোন লোপা মোস্তফা। তাঈনের জন্য কান্নাকাটি করায় মায়ের শারীরিক অবস্থার দিন দিন অবনতি হচ্ছে বলেও জানান তিনি। "একদিন আমি রাতের বেলা উঠে দেখি জায়নামাজে বসে সে চিৎকার দিয়ে কাঁদতেছে। আরেকদিন দেখি মাগরিবের টাইমে। বাসায় কেউ নাই, সবাই বাইরে গেছে আর আমি আমার রুমে। তখনও দেখি সে কান্না করছে,„ বলেন মিজ মোস্তফা।

এদিকে, বেশ কয়েক মাস স্বামীর খোঁজ না পাওয়ায় মানসিকভাবে ভেঙে পড়েছেন তাঈনের স্ত্রী। ছোটো দুটো বাচ্চাকে নিয়ে কোথায় দাঁড়াবেন, ভেবে পাচ্ছেন না তিনি। "গত ২ জুন তার সঙ্গে আমার শেষবার কথা হয়। এরপর থেকে তার আর কোনো খোঁজ পাচ্ছি না,„ বিবিসি বাংলাকে বলছিলেন মি. তাঈনের স্ত্রী ইয়ানুর। "আমার দুইটা ছোটো বাচ্চা। তারা তাদের বাবাকে খোঁজে। বাবার কথা জিজ্ঞাসা করে বারবার, ফোনে কথা বলতে চায়। আমি বাচ্চাদের কিছু বলতেও পারতেছি না,„ বলতে গিয়ে কণ্ঠ ভারি হয়ে আসে মিজ ইয়ানুরের।

**নেপথ্যে ট্রাভেল এজেন্সি**

নজরুল ইসলাম, ইকবাল হোসেন, সাহিদ মোস্তফা তাঈনের বিদেশ যাত্রার নথিপত্র ঘেঁটে দেখা যাচ্ছে, তারা সবাই একই দালালচক্রের মাধ্যমে রাশিয়ায় পাড়ি জমিয়েছেন। যে প্রতিষ্ঠানের মাধ্যমে তাদেরকে বিদেশে পাঠানো হয়েছে, সেটির নাম 'বিকন ট্যুর অ্যান্ড ট্রাভেলস'। ভালো চাকরির কথা বলে রাশিয়া নিয়ে যুদ্ধে পাঠানোর অভিযোগের বিষয়ে 'বিকন ট্যুর অ্যান্ড ট্রাভেলসের প্রধান নির্বাহী কর্মকর্তার সঙ্গে কথা বলেছে বিবিসি বাংলা। তবে অভিযোগ অস্বীকার করে তিনি উল্টো দাবি করেছেন, তাদের মাধ্যমে যারা রাশিয়া গিয়েছেন, তারা সবাই জেনে-বুঝেই যুদ্ধে যোগদান করেছেন। "ভিসা হওয়ার প্রসেস শুরুর আগেই তারা সবাই স্ট্যাম্পে বন্ড দিয়ে গেছে যে, তারা সেখানে আর্মিতেই

যাবে। এখানে কেউ কাউকে বাধ্য করেনি,„ বিবিসি বাংলাকে বলছিলেন অভিযুক্ত প্রতিষ্ঠান বিকন ট্যুর অ্যান্ড ট্রাভেলসের প্রধান নির্বাহী কর্মকর্তা (সিইও) মো. জসিম উদ্দিন। এই দাবির পক্ষে একটি চুক্তিপত্রও তুলে ধরেন তিনি। কিন্তু ভুক্তভোগীদের পরিবারের সদস্যরা বলছেন, তারা এ ধরনের কোনো চুক্তিপত্রে স্বাক্ষর করেননি। তবে বছরখানেক আগে তাদের কাছ থেকে কিছু সাদা কাগজে সই নেওয়া হয় বলে জানান তারা। "বিদেশে নেওয়া বাবদ ওদেরকে তেরো লক্ষ টাকা দেওয়ার কথা ছিল। সেখানে আমরা সাড়ে ১১ লক্ষ টাকা দিছি। দেওয়ার পরে আমাদের কাছ থেকে সাদা স্ট্যাম্পে একটা সাইন নিছিল। বলছিল, চুক্তির বাকি টাকা বুঝিয়ে দিলে স্ট্যাম্পটা আমাদের দিয়ে দেওয়া হবে,„ বিবিসি বাংলাকে বলছিলেন ইকবাল হোসেনের স্ত্রী জান্নাতুল ফেরদৌস। "উনারা এখন সেই স্ট্যাম্পের ভেতরে লিখে রাখছে যে, উনাদেরকে যে যুদ্ধে পাঠাবে, এটা নাকি আমরা সব জানি,„ বলেন মিজ ফেরদৌস। বিষয়টি নিয়ে জানতে চাইলে ট্রাভেল এজেন্সিটির কর্মকর্তা দায় এড়িয়ে যান। "তারা যে স্ট্যাম্পে বন্ড দিয়েছে, সেটা নিয়েছে স্ব স্ব এজেন্টরা। আমি তো কোথাও কারো সাথে চুক্তি করিনি,„ বলেন বিকন ট্যুর অ্যান্ড ট্রাভেলসের সিইও মি. উদ্দিন।

**বন্ধ হয়নি লোক পাঠানো**

বাংলাদেশের সাবেক সেনা সদস্য নজরুল ইসলামের মৃত্যুর ঘটনার পর, তারা রাশিয়ায় লোক পাঠানো বন্ধ করে দিয়েছেন বলে বিবিসি বাংলার কাছে দাবি করেছেন বিকন ট্যুর অ্যান্ড ট্রাভেলসের শীর্ষ কর্মকর্তা। তবে আসলেই তারা লোক পাঠানো বন্ধ রেখেছেন কি-না, সেটি জানার জন্য পরিচয় গোপন রেখে বিকন ট্যুর অ্যান্ড ট্রাভেলসের এজেন্টদের সঙ্গে যোগাযোগের চেষ্টা করে বিবিসি বাংলা। বেশিরভাগ ক্ষেত্রেই ফোন নাম্বার বন্ধ পাওয়া যায়। তবে একজনের নাম্বার খোলা। তার নাম রেজাউল করিম শানু, যার মাধ্যমে সাহিদ মোস্তফা তাঈন রাশিয়া গিয়েছিলেন। অন্যদের পাঠানোর ক্ষেত্রেও তিনি মূল সমন্বয়কের ভূমিকা পালন করেছেন বলে জানিয়েছে ভুক্তভোগী পরিবারগুলো। বেকন ট্যুর অ্যান্ড ট্রাভেলসের এই এজেন্ট জানান, শিগ্গিরই তারা আরও একদল ব্যক্তিকে রাশিয়ায় পাঠাতে যাচ্ছেন। নতুন একটা দল যাচ্ছে তিনজনের। এই তিনজন যাওয়ার পর আপনাকে পাঠাবো," বলছিলেন বিকন ট্যুর অ্যান্ড ট্রাভেলসের এজেন্ট রেজাউল করিম শানু। যুদ্ধে পাঠানো হবে না বলেও অভয় দেন তিনি। "আপনি যুদ্ধে যেতে না চাইলে কেউ আপনেরে জোর কইরা যুদ্ধে পাঠাইতে পারবে না। আপনি কাজ করবেন গাড়ির গ্যারেজ বা চকলেট ফ্যাক্টরিতে,„ বলেন এজেন্ট শানু। তবে পরবর্তীতে বিবিসি বাংলার পরিচয় দিয়ে কথা বলতে গেলে তিনি অবশ্য নতুন করে লোক পাঠানোর কথা অস্বীকার করেন। "আমি এখন ওই ব্যবসার সঙ্গে জড়িত না। স্টুডেন্টরা যদি কেউ স্কলারশিপ পায়, তাদের জন্য চেষ্টা করতেছি। এছাড়া আমি আর ওই ব্যবসার সাথেই এখন জড়িত না,„ বলেন মি. শানু। সেইসঙ্গে দাবি করেন, ট্রাভেল এজেন্সির প্রধান নির্বাহী কর্মকর্তাই সবকিছুর জন্য দায়ী। "রাশিয়া লোক পাঠানোর আগে আমরা বারবার বলছি যে, ভালোভাবে জেনে নেন। তখন সে বলেছে যে, না কোনোভাবেই এদেরকে যুদ্ধে দেওয়া হবে না, লজিস্টিক সাপোর্টে দেওয়া হবে,„ বলেন মি. শানু। নতুন করে লোক পাঠানোর বিষয়টি নিয়ে জানতে চাইলে ট্রাভেল এজেন্সির সিইও দাবি করেছেন, মি. শানু এখন তার কোম্পানিতে কাজ করছেন না। "সে এখন আমাদের সঙ্গে নেই। তাকে আমরা চাকরিচ্যুত করেছি,„ বলেন বিকন ট্যুর অ্যান্ড ট্রাভেলসের সিইও মো. জসিম উদ্দিন। যদিও এজেন্ট শানু চাকরিচ্যুতির ঘটনা অস্বীকার করে বলেছেন, তিনি নিজে থেকে আপাতত অফিসে যাতায়াত বন্ধ রেখেছেন।

**দালাল চক্রে ভারতীয় নাগরিক**

বাংলাদেশি এই চক্রটির সঙ্গে দু-জন বিদেশি নাগরিকও জড়িত রয়েছে বলে অনুসন্ধানে জানতে পেরেছে বিবিসি বাংলা। তাদের মধ্যে একজন দীপন দেবনাথ। তিনি কলকাতায় থাকেন বলে জানা যাচ্ছে। মি. দেবনাথ মূলত বাংলাদেশ থেকে রাশিয়ায় লোক পাঠানোর ক্ষেত্রে মধ্যস্থতাকারীর ভূমিকা পালন করেন বলে অনুসন্ধানে উঠে এসেছে। আর বাংলাদেশ থেকে লোক পাঠানোর পর রাশিয়ায় তাদের থাকা-খাওয়ার ব্যবস্থা করা থেকে শুরু করে রুশ সেনাবাহিনীতে যোগদান করানো পর্যন্ত যাবতীয় কাজ করে থাকেন রাজেন্দ্র প্রসাদ জেসনু, যিনি প্রসাদ নামেই ভুক্তভোগীদের কাছে বেশি পরিচিত। বিকন ট্রাভেলসের প্রধান কর্মকর্তাও এক পর্যায়ে তাদের দু'জনের জড়িত থাকার কথা স্বীকার করেছেন। "দীপক তো কলকাতায় থাকে। সে রাশিয়ায় লোক পাঠানোর প্রস্তাবটা পেয়েছে প্রসাদের কাছ থেকে। প্রসাদ রাশান এক মেয়েকে বিয়ে করে এখন রাশিয়ায় বসবাস করছে,„ বিবিসি বাংলাকে বলেন বিকন ট্যুর অ্যান্ড ট্রাভেলসের প্রধান কর্মকর্তা মি. উদ্দিন। কিন্তু বিকন ট্রাভেলসের কাছ থেকে প্রসাদের পাসপোর্টের যে ছবি রয়েছে, সেখানে দেখা যাচ্ছে, তিনি মূলত ভারতের তামিলনাডু প্রদেশের বাসিন্দা। অভিযোগের বিষয়ে বক্তব্য জানতে বিবিসি বাংলার পক্ষ থেকে যোগাযোগ করা হলে মি. প্রসাদ কোনো মন্তব্য করতে রাজি হননি। তবে তিনি অভিযোগ অস্বীকারও করেননি। অন্যদিকে, যোগাযোগ করা হলেও দীপক দেবনাথের কাছ থেকে কোনো সাড়া পাওয়া যায়নি।

**নিহত ৬, নিখোঁজ ৩১**

বিকন ট্যুর অ্যান্ড ট্রাভেলস বেশ কয়েক ধাপে নয়জনকে রাশিয়ায় পাঠিয়েছে বলে জানতে পেরেছে বিবিসি বাংলা। এর মধ্যে অন্তত একজন নিহত হয়েছেন। খোঁজ পাওয়া যাচ্ছে না আরও তিনজনের। "আরও তো মেলা লোকরে নিছে এবং এখনও নিচ্ছে। এত লোক যেয়ে মারা যাচ্ছে। আমি আবেদন করি যেন সরকারের তরফ থেকে এদের বিরুদ্ধে কঠিন

শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হয়। যেন তারা কেউ আর কোনো পরিবারকে নিঃস্ব করে দিতে না পারে,„ বিবিসি বাংলাকে বলেন নিহত নজরুল ইসলামের বড়ো ভাই আব্দুর রহিম। নিখোঁজ সাহিদ মোস্তফা তাঈনের সন্ধান চেয়ে সম্প্রতি বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রণালয়ে আবেদন করেছে তার পরিবার। কর্মকর্তারা বলছেন, বিভিন্ন প্রতিষ্ঠানের মাধ্যমে রাশিয়ায় গিয়ে যুদ্ধে অংশ নিয়েছেন এবং বর্তমানে পরিবার কোনো খোঁজ পাচ্ছে না, এ ধরনের অন্তত ৩৭টি আবেদন গত এক বছরে তাদের কাছে জমা পড়েছে। সেসব আবেদনের প্রেক্ষিতে রুশ সরকারের সঙ্গে যোগাযোগ করে সম্প্রতি ছয়জনের মৃত্যুর খবর নিশ্চিত হতে পেরেছে মন্ত্রণালয়। বাকিদের ব্যাপারেও খোঁজ-খবর চলছে। তবে যাদের চুক্তির মেয়াদ এখনও পূর্ণ হয়নি, যুদ্ধক্ষেত্র থেকে আগেই তাদেরকে ফেরত পাঠানোর সম্ভাবনা ক্ষীণ বলে ইঙ্গিত পেয়েছেন পররাষ্ট্র মন্ত্রণালয়ের কর্মকর্তারা। এ অবস্থায় বাংলাদেশ থেকে নতুন করে আর যেন কেউ ইউক্রেন যুদ্ধে অংশ নিতে না পারে, সেই প্রচেষ্টা চালানো হচ্ছে বলে সরকারের পক্ষ থেকে জানানো হয়েছে। ”একবার রাশিয়ায় চলে গেলে, সেটা অনেক সময় আমাদের নিয়ন্ত্রণে থাকে না। সেজন্য আমরা এখন চেষ্টা করছি, বাংলাদেশ থেকেই যেন নতুন করে আর কেউ যুদ্ধ যেতে না পারে। এ ব্যাপারে ব্যবস্থা নেওয়ার জন্য স্বরাষ্ট্র মন্ত্রণালয়কে আমরা অনুরোধ জানিয়েছি,„ বিবিসি বাংলাকে বলছিলেন পররাষ্ট্র মন্ত্রণালয়ের একজন জ্যেষ্ঠ কর্মকর্তা।

**পুলিশের নাকের ডগায়, তবুও হয়নি গ্রেফতার**

জোর করে ইউক্রেন যুদ্ধে পাঠানোর অভিযোগ নিয়ে ইতোমধ্যেই কাজ শুরু করেছে পুলিশের অপরাধ তদন্ত বিভাগ (সিআইডি)। কর্মকর্তারা বলছেন, মাঠে নেমে তারা একাধিক দালাল চক্রের সন্ধান পেয়েছে, যাদের মধ্যে বেশ কয়েকজন সদস্যকে গ্রেফতারও করা হয়েছে। ”আমাদের সিআইডি'র একটা ডেডিকেটেড টিম কিন্তু এটা নিয়ে কাজ করছে। আমরা কিছু ডিটেক্ট করে ফেলেছি এর মধ্যে, অ্যারেস্টও (গ্রেফতার) আছে,„ বিবিসি বাংলাকে বলছিলেন অপরাধ তদন্ত বিভাগের (সিআইডি) প্রধান মো. ছিবগাত উল্লাহ। ”এ ব্যাপারে আমরা অত্যন্ত কমিটেড যে, কোনোভাবেই ছাড় দেবো না বিন্দুমাত্র। যারা এই ধরনের আছে, তাদের বিষয়ে আমরা অলরেডি কাজ করছি,„ বলেন পুলিশের অতিরিক্ত এই মহাপরিদর্শক। তবে দালালদের যে চক্রটি বিবিসি বাংলা খুঁজে পেয়েছে, তারা এখনও ধরা ছোঁয়ার বাইরে রয়ে গেছে। যদিও চক্রটির প্রধান কার্যালয় ঢাকার মালিবাগ মোড়ে সিআইডি সদর দপ্তরের ঠিক উল্টোপাশের একটি ভবনে অবস্থিত। নাকের ডগায় থাকার পরও সিআইডি কেন তাদেরকে আইনের আওতায় আনতে পারলো না, সেটি নিয়ে প্রশ্ন তুলেছেন ভুক্তভোগীরা। দালাল চক্রের এসব কর্মকাণ্ড সম্পর্কে রুশ সরকার অবহিত কি-না, সেটি নিশ্চিত হওয়া যায়নি। তবে ইউক্রেন যুদ্ধে যারা নিহত হয়েছেন, তাদের মরদেহ দেশে ফেরত আনার ব্যাপারে সরকারের সহায়তা চাচ্ছেন স্বজনরা। সরকারের তরফ থেকেও বলা হচ্ছে যে, তারা চেষ্টা চালাচ্ছেন। কিন্তু কবে নাগাদ নিহতদের মরদেহ দেশে ফিরবে কিংবা আদৌ আনা সম্ভব হবে কি-না, সেই বিষয়ে এখনও নিশ্চিত করে কিছু বলতে পারছেন না পররাষ্ট্র মন্ত্রণালয়ের কর্মকর্তারা। (বিবিসি ওয়েব পেজ : ০৫.০৩.২০২৬ আলী আহমেদ)

## যুদ্ধের প্রভাবে বাংলাদেশে জ্বালানি, রেমিট্যান্স, খাদ্যপণ্যের বাজার নিয়ে শঙ্কা

প্রায় চার হাজার কিলোমিটার দূরে চলমান যুদ্ধের সরাসরি প্রভাব বাংলাদেশ সীমান্তে না এলেও, এর ছাপ যে এখানেও পড়ছে, সেটি স্পষ্ট। কারণ বিশ্ববাজারের অস্থিরতা বাংলাদেশের জন্য একটি বড়ো অর্থনৈতিক পরীক্ষা বলে অর্থনীতিবিদেরা মনে করছেন। যুক্তরাষ্ট্র-ইসরায়েল ইরানে হামলা চালানোর পঞ্চম দিনেই যুদ্ধ পরিস্থিতি ছড়িয়ে পড়েছে মধ্যপ্রাচ্য জুড়ে। ওই অঞ্চল বিশ্বের জ্বালানি সরবরাহের অন্যতম হাব হওয়ায়, এই যুদ্ধের বিস্তৃত প্রভাব এরই মধ্যে পড়তে শুরু করেছে গোটা বিশ্বে। জ্বালানি তেলের দাম বৃদ্ধি বিশ্বজুড়ে একটি 'চেইন রিঅ্যাকশন' তৈরি করবে। বাংলাদেশের অভ্যন্তরীণ বাজারেও এর প্রভাব পড়তে পারে বলে শঙ্কা প্রকাশ করছেন অর্থনীতিবাদেরা। জ্বালানি তেল বা গ্যাসের মূল্যবৃদ্ধিতে বাস-ট্রাকের ভাড়া যেমন বাড়তে পারে, তেমনি বৃদ্ধি পেতে পারে বিদ্যুৎ উৎপাদন খরচ কিংবা সারের দামও। ফলে কৃষি উৎপাদন ও পরিবহণ খরচ বাড়ার সম্ভাবনা থাকে, যার প্রভাব পড়তে পারে চাল, ডাল আর সবজির বাজারেও। আন্তর্জাতিক বাজারের সঙ্গে পাল্লা দিয়ে বাড়তে পারে আমদানি করা ভোজ্যতেল, গম কিংবা চিনির দাম, যার ধারাবাহিক প্রভাব পড়তে পারে অন্যান্য প্রয়োজনীয় কিংবা শৌখিন পণ্যে। সব মিলিয়ে মধ্যপ্রাচ্যে যুদ্ধের প্রভাব পৌঁছে যেতে পারে এদেশের সাধারণ মানুষের রান্নাঘর পর্যন্ত। ব্যবসায়ী এবং অর্থনীতিবিদরা বলছেন, বর্তমান বিশ্বব্যবস্থায় যে-কোনো আঞ্চলিক সংঘাত আর নির্দিষ্ট সীমানায় সীমাবদ্ধ থাকে না। বিশেষ করে, মধ্যপ্রাচ্যের মতো ভূ-রাজনৈতিক ও অর্থনৈতিকভাবে গুরুত্বপূর্ণ অঞ্চলে যুদ্ধের দামামা বাজলে তার প্রতিধ্বনি শোনা যায় হাজার মাইল দূরের বাংলাদেশেও। মধ্যপ্রাচ্যে যুদ্ধ ছড়িয়ে পড়ার কারণে দেশের অর্থনীতি হঠাৎই অনিশ্চয়তার মুখে পড়ার বড়ো ধরনের ঝুঁকির মধ্যে রয়েছে বলে মনে করেন অর্থনীতিবিদ ড. সেলিম রায়হান।

মূলত আমদানি নির্ভর দেশ হওয়ায় দেশের জ্বালানি নিরাপত্তা বড়ো ধরনের চ্যালেঞ্জের মুখে পড়তে পারে বলেই মনে করেন তিনি। আর এ কারণেই বিকল্প উৎস এবং আর্থিক সংস্থানের বিষয়ে আগেভাগেই প্রস্তুতি নেওয়ার কথা বলছেন বেসরকারি গবেষণা প্রতিষ্ঠান সেন্টার ফর পলিসি ডায়ালগ বা সিপিডি এর সম্মাননীয় ফেলো মোস্তাফিজুর রহমান। তিনি বলছেন, ”আমাদের জ্বালানি মজুতের যে তথ্য পাচ্ছি, সেই অনুযায়ী, ডিজেল আছে দুই সপ্তাহ, কেরোসিন ছাড়া আর

সবগুলোই তো দুই সপ্তাহ থেকে ছয় সপ্তাহের বেশি নাই। আমাদের অবশ্যই বিকল্প কোনো জায়গা থেকে কেনা যায়, সেটি ঠিক করতে হবে।„ এছাড়া পণ্য আমদানি-রপ্তানির ক্ষেত্রে যে-সব রপ্তানিকারক এরই মধ্যে সমস্যায় পড়েছেন, তাদের পাশেও সরকারের দাঁড়ানো প্রয়োজন বলে মনে করেন মি. রহমান।

**জ্বালানি নিয়েই যত চিন্তা**

ইরানের ড্রোন আঘাত হেনেছে আরব আমিরাতের মজুত রাখা জ্বালানি ট্যাঙ্কারে। নিজেদের বেশ কয়েকটি তরলীকৃত প্রাকৃতিক গ্যাস বা এলএনজি স্থাপনায় ইরানি হামলায় ব্যাপক ক্ষয়ক্ষতির খবর জানিয়েছে কাতার। হামলা হয়েছে সৌদি আরবের তেল শোধনাগারেও। সমুদ্র পথে পণ্য পরিবহণে বিশ্বের সবচেয়ে গুরুত্বপূর্ণ রুট হরমুজ প্রণালি ইতোমধ্যে বন্ধের ঘোষণা দিয়েছে ইরানের ইসলামিক রেভলিউশনারি গার্ড। তারা সতর্ক করেছে যে, হরমুজ প্রণালি”কেউ পার করার চেষ্টা করলে তাকে গুলি করে হত্যা করা হবে।„ সব মিলিয়ে মধ্যপ্রাচ্যে যুদ্ধ পরিস্থিতির কারণে অস্থির সময় পার করছে বৈশ্বিক জ্বালানি সরবরাহ ব্যবস্থা। ইতোমধ্যে যার প্রভাব পড়তে শুরু করেছে জ্বালানি মূল্যে। তেলের দামের আন্তর্জাতিক মানদণ্ড ব্রেন্ট ক্রুড বৃহস্পতিবার ব্যারেল প্রতি ৮৩ ডলার ছাড়িয়ে গেছে। হামলার প্রথম দিন অর্থাৎ ২৮ ফেব্রুয়ারির সঙ্গে তুলনা করলে ওই দাম প্রায় দশ শতাংশ বেড়েছে। অর্থনীতিবিদ এবং জ্বালানি বিশেষজ্ঞরা বলছেন, যুদ্ধ পরিস্থিতি চলমান থাকলে অপরিশোধিত জ্বালানি তেলের মূল্য শিগ্‌গিরই একশ ডলারে পৌঁছাবে। এমন প্রেক্ষাপটে বাংলাদেশের মতো আমদানি নির্ভর দেশগুলোর জন্য ভয়াবহ বলেই মনে করেন বিশেষজ্ঞরা। তারা বলছেন, অভ্যন্তরীণ সক্ষমতা না থাকায় জ্বালানির দাম বৃদ্ধির প্রভাব বাংলাদেশের আমদানি-রপ্তানি থেকে শুরু করে অভ্যন্তরীণ বাজারে তাৎক্ষণিক প্রভাব ফেলতে পারে।

বর্তমানে বাংলাদেশের মোট বিদ্যুৎ উৎপাদনের বড়ো অংশ গ্যাসভিত্তিক বিদ্যুৎকেন্দ্র থেকেই আসে, যা বড়ো জোগানদাতা মধ্যপ্রাচ্যের দেশ কাতার এবং ওমান। এই দেশগুলো থেকেই দীর্ঘমেয়াদি চুক্তিতে এলএনজি আমদানি করে বাংলাদেশ। এছাড়া স্পট মার্কেট থেকেও প্রয়োজন অনুযায়ী এলএনজি কেনা হয়। কিন্তু ইরান হরমুজ প্রণালি বন্ধ করে দেওয়ায় ইতোমধ্যে গ্যাস সরবরাহ নিয়ে শঙ্কা তৈরি হয়েছে। এছাড়া বাংলাদেশের তেলভিত্তিক বিদ্যুৎ, যার বেশিরভাগই ভারতের ওপর নির্ভরশীল। তাদের জ্বালানিও আসে এই হরমুজ প্রণালি দিয়েই। অর্থাৎ জ্বালানির কারণে বিদ্যুৎ সংকট এবং সেখান থেকে কলকারখানা ও ব্যবসা প্রতিষ্ঠান পরিচালনা, সব মিলিয়ে বড়ো ধরনের শঙ্কা তৈরি হয়েছে।

অর্থনীতিবিদ মোস্তাফিজুর রহমান বলছেন, তেলের দাম বাড়লে সরকারকে একই পরিমাণ জ্বালানি কিনতে অনেক বেশি ডলার খরচ করতে হবে। এতে বৈদেশিক মুদ্রার রিজার্ভে বড়ো ধরনের টান পড়ে, যা মুদ্রার বিনিময় হার বা ডলারের দাম বাড়িয়ে দিতে পারে। এক্ষেত্রে ব্যবসায়ী, জ্বালানি বিশেষজ্ঞ ও অর্থনীতিবিদদের সঙ্গে জরুরি বৈঠক করে সরকারকে একটি সমন্বিত কর্মপরিকল্পনা প্রণয়নের কথা বলছেন অর্থনীতিবিদ সেলিম রায়হান। ”বিকল্প জ্বালানি উৎস খোঁজা, আমদানি উৎস বহুমুখীকরণ, কৌশলগত মজুত বৃদ্ধি এবং অপ্রয়োজনীয় ব্যয় সংকোচনের মতো পদক্ষেপ এখনই বিবেচনায় আনা প্রয়োজন,„ বলেও মনে করেন তিনি। মধ্যপ্রাচ্যের চলমান যুদ্ধ পরিস্থিতি বৈশ্বিক জ্বালানি সরবরাহ নিয়ে সব থেকে বড়ো শঙ্কা তৈরি করায়, এরই মধ্যে 'জ্বালানি সাশ্রয়' নীতি গ্রহণের কথা জানিয়েছে বাংলাদেশ সরকার। ইরান-ইসরায়েল সংঘাত দীর্ঘস্থায়ী হলে বাংলাদেশের জ্বালানি সংকট নিয়ে সতর্কও করেছেন বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদমন্ত্রী ইকবাল হাসান মাহমুদ টুকু। আপাতত সাশ্রয়ের পাশাপাশি, অন্য কোনো দেশ থেকে জ্বালানি আমদানি করা যায় কিনা, এ নিয়ে সরকারের পরিকল্পনার কথা জানিয়েছেন তিনি। ”জ্বালানি সাশ্রয় করে চললে ঈদের ছুটি পর্যন্ত বা মার্চ মাস পর্যন্ত মজুত জ্বালানি দিয়ে চলা যাবে,„ জানান মি. টুকু।

**আমদানি-রপ্তানি বাণিজ্যে বিরূপ প্রভাব**

বাংলাদেশের তৈরি পোশাক এবং কৃষিপণ্য রপ্তানির একটি বড়ো অংশ মধ্যপ্রাচ্য এবং ইউরোপের বাজারে যায়। বিশেষ করে, পোশাক খাতের ওপর ইতোমধ্যেই মধ্যপ্রাচ্যে চলমান সংকটের বিরূপ প্রভাব পড়তে শুরু করেছে বলে জানান এই খাতের ব্যবসায়ীরা। ব্যবসায়ীরা বলছেন, যুদ্ধের কারণে লোহিত সাগর কিংবা সুয়েজ খালের মতো রুটগুলো ঝুঁকিপূর্ণ হলে জাহাজ কোম্পানিগুলো 'ওয়ার রিস্ক সারচার্জ' আরোপ করে। এতে পণ্য পরিবহণের খরচ কয়েক গুণ বেড়ে যায়। তারা বলছেন, বৈশ্বিক অনিশ্চয়তার কারণে ইতোমধ্যে অর্ডার সংকুচিত করেছে অনেক দেশ। এছাড়া জ্বালানির মূল্য বৃদ্ধিতে পরিবহণ ব্যয় কয়েকগুণ বেড়েছে। নিরাপদ রুটে পণ্য পাঠাতে দীর্ঘ পথ পাড়ি দিতে হয়, যা রপ্তানির লিড টাইম বাড়িয়ে দেয়। ফলে আন্তর্জাতিক বাজারে বাংলাদেশের পণ্যের প্রতিযোগিতা সক্ষমতা কমে যাওয়ার আশঙ্কা থাকে। গার্মেন্টস মালিকদের একটি সংগঠন বিকেএমইএ-এর সভাপতি মোহাম্মদ হাতেম বলছেন, জ্বালানির সঙ্গে সব কিছুই জড়িত। এর দাম বৃদ্ধি পেলে কেবল বাংলাদেশ নয়, প্রভাবিত হবে গোটা বিশ্বের অর্থনীতি। ”সমুদ্রে কার্গো পরিবহণ অনিশ্চিত থাকায়, আমাদের অনেক অর্ডার সময়মতো গন্তব্যে পৌঁছাতে পারবে না। পণ্য পরিবহণ ব্যয় বেড়ে যাওয়ায় পণ্যের দাম নিয়েও জটিলতা তৈরি হবে। আর জ্বালানি ছাড়া অভ্যন্তরীণ উৎপাদনও বাধাগ্রস্ত হবে,„ বিবিসি বাংলাকে বলেন তিনি। মধ্যপ্রাচ্যে চলমান সংকট বাংলাদেশের আমদানি-রপ্তানির ক্ষেত্রে স্বল্প এবং দীর্ঘমেয়াদি

দুই ধরনের সংকট তৈরি করতে পারে বলে মনে করেন অর্থনীতিবিদ ড. মোস্তাফিজুর রহমান। তাৎক্ষণিক প্রভাবগুলো ইতোমধ্যেই দেখা যাচ্ছে বলে মনে করে মি. রহমান। "আমাদের রপ্তানি পণ্য বন্দরে বসে আছে, অন্য রুট ধরে যে-সব পণ্য যাচ্ছে, সেগুলোর পরিবহণ ব্যয় বেড়েছে, ইনসিওরেন্স কস্ট বেড়েছে, ক্রুড অয়েলের দাম বেড়ে গেছে,„ বলেন তিনি। কেবল পোশাক রপ্তানি নয়, জ্বালানির দাম বৃদ্ধির প্রভাব পড়তে পারে অন্যতম কৃষি উপকরণ সারের উপরও। কারণ বাংলাদেশ তার প্রয়োজনীয় সারের একটি বড়ো অংশ আমদানি করে কাতার ও সৌদি আরব থেকে।

অর্থনীতিবিদরা বলছেন, মধ্যপ্রাচ্যে অস্থিরতা চলমান থাকলে সারের সরবরাহ চেইন ক্ষতিগ্রস্ত হবে। সময়মতো সার আমদানি করতে না পারলে দেশের কৃষি উৎপাদন ব্যাহত হতে পারে, যা দীর্ঘমেয়াদে খাদ্য নিরাপত্তার জন্য হুমকি। এছাড়া দেশীয় কারখানায় সার উৎপাদনের জন্যও জ্বালানি গুরুত্বপূর্ণ। জ্বালানি সংকটের কারণে অভ্যন্তরীণ সার উৎপাদনও প্রভাবিত হতে পারে। অর্থনীতিবিদ সেলিম রায়হান বলছেন, বর্তমানে বাংলাদেশে তেল ও তরলীকৃত প্রাকৃতিক গ্যাস বা এলএনজি কিছু মজুত থাকলেও নতুন আমদানি ব্যাহত হলে তা দ্রুত ফুরিয়ে যেতে পারে। যার বড়ো প্রভাব পড়বে দেশের কৃষি উৎপাদনে। "বিদ্যুৎ ও জ্বালানির দাম বাড়লে উৎপাদন ব্যয় বাড়বে, পরিবহণ খরচ বৃদ্ধি পাবে এবং শেষ পর্যন্ত মূল্যস্ফীতি ত্বরান্বিত হবে। এতে সাধারণ মানুষের জীবনযাত্রার ব্যয় আরও বেড়ে যাবে,„ বলেই মনে করেন তিনি।

**রেমিট্যান্সের ওপর প্রভাব**

বাংলাদেশের বৈদেশিক মুদ্রার রিজার্ভের অন্যতম প্রধান উৎস হলো প্রবাসী আয় বা রেমিট্যান্স। মধ্যপ্রাচ্যে চলমান যুদ্ধ পরিস্থিতির কারণে দীর্ঘমেয়াদে প্রবাসী আয়ে বড়ো প্রভাব পড়তে পারে বলেই মনে করেন বিশেষজ্ঞরা। বর্তমানে প্রায় এক কোটিরও বেশি বাংলাদেশি বিদেশে কর্মরত, যার সিংহভাগই রয়েছেন সৌদি আরব, সংযুক্ত আরব আমিরাত, কাতার, কুয়েত ও ওমানের মতো মধ্যপ্রাচ্যের বিভিন্ন দেশে। বাংলাদেশ ব্যাংকের তথ্য মতে, দেশের বাইরে বসবাস করা বাংলাদেশি অভিবাসীর অন্তত ৬০ লাখেরই গন্তব্য মধ্যপ্রাচ্যের বিভিন্ন দেশে। এরই মধ্যে নানা সংকট তৈরি হয়েছে এই প্রবাসীদের। ইরানে যুদ্ধ শুরু হওয়ার পর অন্যান্য দেশের মতো বাংলাদেশেও এখন পর্যন্ত অন্তত দুইশ ফ্লাইট বাতিল হয়েছে। যার ফলে মধ্যপ্রাচ্যের বিভিন্ন দেশে যেতে ইচ্ছুক অনেক বাংলাদেশি নিজ দেশেই থেকে যেতে বাধ্য হয়েছেন। এছাড়া যুদ্ধাবস্থা চলমান থাকলে মধ্যপ্রাচ্যের অনেক দেশই অন্য দেশ থেকে কর্মী নেওয়ার ক্ষেত্রে নিজেদের নীতি পরিবর্তন করতে পারে। এতে করে নতুন কর্মী নিয়োগ বন্ধের শঙ্কা রয়েছে। এছাড়া ভিসার মেয়াদ শেষ হওয়াসহ নানা জটিলতায় পরবর্তীতে আর দেশগুলোতে যাওয়া হবে কিনা এমন শঙ্কাও তৈরি হয়েছে। অতীতে কুয়েত যুদ্ধের সময় হাজার হাজার বাংলাদেশিকে শূন্য হাতে দেশে ফিরতে হয়েছিল। এমন পরিস্থিতি পুনরায় তৈরি হলে তা দেশের বেকারত্ব সমস্যার ওপর পাহাড়সম চাপ তৈরি করবে। যদিও রেমিট্যান্স প্রবাহের ক্ষেত্রে স্বল্পমেয়াদে তেমন প্রভাব পড়বে না বলেই মনে করেন অর্থনীতিবিদ ড. মোস্তাফিজুর রহমান। তিনি বলছেন, দীর্ঘমেয়াদে প্রবাসে কাজ হারানোর শঙ্কা রয়েছে, শ্রমবাজারে নতুন কর্মসংস্থান তৈরি নিয়েও শঙ্কা আছে। "যুদ্ধ পরিস্থিতি প্রলম্বিত হলে রেমিট্যান্স প্রভাবিত হবে, এখনই বড়ো ধরনের প্রভাব দেখছি না। আমাদের কর্মীদের নিরাপত্তাটাই এখন বড়ো চিন্তার বিষয়,„ বিবিসি বাংলাকে বলেন তিনি।

এছাড়া এই ভূ-রাজনৈতিক সংকট মোকাবিলায় বাংলাদেশকে এখনই কিছু কৌশলগত পদক্ষেপ নেওয়ার কথা বলছেন অর্থনীতিবিদ এবং ব্যবসায়ীরা। রেমিট্যান্সের ঝুঁকি কমাতে মধ্যপ্রাচ্যের বাইরে ইউরোপ, পূর্ব এশিয়া এবং দূরপ্রাচ্যের দেশগুলোতে দক্ষ জনশক্তি পাঠানোর পরিকল্পনা দ্রুত বাস্তবায়ন করার কথাও বলছেন তারা।

(বিবিসি ওয়েব পেজ : ০৫.০২.২০২৬ আলী আহমেদ)

## ইরানের সাথে ইসরায়েলের যুদ্ধের মাশুল গুনতে হচ্ছে সপ্তাহে নয় বিলিয়ন শেকেল

ইসরায়েলি অর্থ মন্ত্রণালয় জানিয়েছে, ইরানের সাথে ইসরায়েল ও যুক্তরাষ্ট্রের যুদ্ধের ফলে দেশটির সাপ্তাহিক অর্থনৈতিক ক্ষতির পরিমাণ নয় বিলিয়ন শেকেল। বর্তমানে ইসরায়েলে `রেড লেভেল, বা সর্বোচ্চ সতর্কতা জারি করা হয়েছে। এর ফলে কর্মক্ষেত্রে যাতায়াত সীমিত করা হয়েছে এবং স্কুল-কলেজ বন্ধ রাখা হয়েছে। তবে বৃহস্পতিবার থেকে ইসরায়েল কিছু ক্ষেত্রে বিধি-নিষেধ শিথিল করার ঘোষণা দিয়েছে। যদি বিধি-নিষেধ `রেড লেভেল, থেকে কমিয়ে `অরেঞ্জ লেভেল,-এ আনা হয়, তাহলে সাপ্তাহিক অর্থনৈতিক ক্ষতি চার দশমিক তিন বিলিয়ন শেকেলে নেমে আসবে। কারণ `অরেঞ্জ লেভেল,-এ `রেড লেভেল,-এর তুলনায় কর্মক্ষেত্রে ক্ষতির পরিমাণ কম। প্রসঙ্গত, এক মার্কিন ডলার সমান তিন শেকেলের কিছু বেশি।(বিবিসি ওয়েব পেজ: ০৫.০৩.২০২৬ এলিনা)

## আত্মসমর্পণ না করার ঘোষণা হিজবুল্লাহর

হিজবুল্লাহর নেতা নাইম কাসেম বলেছেন, ইরান-সমর্থিত এই সংগঠন ইসরায়েলের সঙ্গে যুদ্ধ আরও তীব্র হওয়ার মধ্যেও "আত্মসমর্পণ করবে না।„ সোমবার আঞ্চলিক সংঘাত লেবাননে ছড়িয়ে পড়ার পর এটি ছিল তার প্রথম প্রকাশ্য ভাষণ। তিনি বলেন, হিজবুল্লাহ ২০২৪ সালের শেষ দিকে হওয়া যুদ্ধবিরতির চুক্তি মেনে চলেছিল, কিন্তু ইসরায়েল "চুক্তির কোনো ধারাই মানেনি।„ টেলিভিশন ভাষণে কাসেম বলেন, "আমরা কূটনৈতিক সমাধানে সম্মত হয়েছিলাম

এবং এটিকে রাষ্ট্রের দায়িত্ব পালনের একটি সুযোগ হিসেবে দেখেছিলাম। কিন্তু বারবার বলেছি, ধৈর্যেরও সীমা আছে,।„ তিনি আরও বলেন, ”আমাদের সিদ্ধান্ত হলো তাদের মোকাবিলা করা– চরমতম ত্যাগের বিনিময়ে, সীমার শেষ প্রান্ত পর্যন্তও এবং আমরা আত্মসমর্পণ করব না।„ সোমবার হিজবুল্লাহ রকেট ও ড্রোন দিয়ে ইসরায়েলে হামলা চালায়। এর আগে, যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের হামলায় ইরানের সর্বোচ্চ নেতা আয়াতুল্লাহ আলী খামেনি নিহত হন। ইসরায়েল এর প্রতিক্রিয়ায় ব্যাপক বিমান হামলা চালিয়েছে এবং দক্ষিণ লেবাননে সেনা মোতায়েন করেছে। এ পরিস্থিতিতে লাখো সাধারণ মানুষ ঘরবাড়ি ছেড়ে পালাতে বাধ্য হয়েছে।(বিবিসি ওয়েব পেজ: ০৫.০৩.২০২৬ এলিনা)

## হামলার পর প্রথম দুই দিনে প্রায় এক লাখ মানুষ তেহরান ছেড়েছে : ইউএনএইচসিআর

মধ্যপ্রাচ্যসহ বিভিন্ন অঞ্চলে সহিংসতা বেড়ে যাওয়ায় বহু মানুষ বাস্তুচ্যুত হয়েছে বলে জানিয়েছে জাতিসংঘের শরণার্থী বিষয়ক সংস্থা ইউএনএইচসিআর। সংস্থাটি জানিয়েছে, হামলার পর প্রথম দুই দিনেই প্রায় এক লাখ মানুষ তেহরান ছেড়ে চলে গেছে। লেবাননকে বলা হয়েছে, সেখানে ৫৮ হাজার মানুষ অন্যের বাড়ি, রাস্তা বা খোলা ময়দানের মতো জায়গায় আশ্রয় নিয়েছে। সিরিয়ার পক্ষ থেকে জানানো হয়েছে যে, ২ মার্চ প্রায় ১০ হাজার সিরীয় এবং প্রায় এক হাজার লেবানিজ দেশটিতে প্রবেশ করেছে, যা দৈনিক গড় প্রবেশের সংখ্যার প্রায় তিনগুণ।
(বিবিসি ওয়েব পেজ: ০৫.০৩.২০২৬ এলিনা)

## মধ্যপ্রাচ্যে উত্তেজনা কমানোর আহ্বান অস্ট্রেলিয়া ও কানাডার প্রধানমন্ত্রীর

অস্ট্রেলিয়ার প্রধানমন্ত্রী অ্যান্থনি আলবানিজ এবং কানাডিয়ান প্রধানমন্ত্রী মার্ক কার্নি মধ্যপ্রাচ্যে উত্তেজনা নিরসনের আহ্বান জানিয়েছেন। যদিও তারা বলছেন, যতক্ষণ পর্যন্ত ইরান তাদের পারমাণবিক অস্ত্র তৈরি বন্ধ না করবে, ততক্ষণ পর্যন্ত যুদ্ধবিরতি হওয়া উচিত নয়। ”বিশ্ব উত্তেজনা নিরসন দেখতে চায়, আমরা দেখছি যে, উপসাগরীয় দেশগুলোর যারা এর সাথে জড়িত ছিল না, তারাও হামলার শিকার হচ্ছে। এমনকি বেসামরিক এবং পর্যটন এলাকাগুলোতেও হামলা চালানো হচ্ছে। আমরা লক্ষ্য অর্জনও দেখতে চাই,„ ক্যানবেরায় সফররত কানাডিয়ান প্রধানমন্ত্রীর সাথে এক যৌথ সংবাদ সম্মেলনে আলবানিজ সাংবাদিকদের এ কথা বলেন। মার্ক কার্নিও অস্ট্রেলিয়ার প্রধানমন্ত্রীর মতো মধ্যপ্রাচ্যে উত্তেজনা নিরসনে একই সুরে কথা বলেছেন। ”এখন আমাদের মধ্যে শত্রুতা ছড়িয়ে পড়েছে, তা স্বীকার করি আমরা। তবে বেসামরিক নাগরিক এবং বেসামরিক অবকাঠামো লক্ষ্য করে হামলা বন্ধ করা দরকার। যুদ্ধবিরতি কার্যকর হওয়ার আগে এগুলো প্রয়োজনীয় শর্ত।„ শনিবার থেকে শুরু হওয়া ইরানের ওপর ইসরায়েল ও যুক্তরাষ্ট্রের হামলাকে এই দুই নেতাই সমর্থন করেছেন। ইরানের উপর হামলায় যোগ দেবেন কি না জানতে চাইলে কার্নি বলেন, তিনি ”কখনও স্পষ্টভাবে অংশগ্রহণকে উড়িয়ে দিতে পারবেন না।„ মি. কার্নি আক্রমণাত্মক এবং প্রতিরক্ষামূলক পদক্ষেপের মধ্যে পার্থক্য তুলে ধরেন। ”আমরা সব সময়ই কানাডিয়ানদের রক্ষা করবো। ডাক পেলে আমরা সব সময়ই পাশে থাকব এবং আমাদের মিত্রদের রক্ষা করবো,„ বলেন তিনি।(বিবিসি ওয়েব পেজ: ০৫.০৩.২০২৬ এলিনা)

## আমরা দুই সপ্তাহের মধ্যে আঘাত না করলে তারা পারমাণবিক অস্ত্র পেয়ে যেত : ট্রাম্প

যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ইরানে হামলার বিষয়ে বলেছেন, ”আমরা যদি দুই সপ্তাহের মধ্যে আঘাত না করতাম, তাহলে তারা একটি পারমাণবিক অস্ত্র পেয়ে যেত। পাগলাটে মানুষদের হাতে পারমাণবিক অস্ত্র থাকলে খারাপ কিছু ঘটে।„ হোয়াইট হাউসে যুদ্ধ-সংক্রান্ত নয় এমন একটি গোলটেবিল বৈঠকে বক্তব্য দেওয়ার সময় তিনি একথা বলেন। প্রসঙ্গত, ইরান দীর্ঘদিন ধরে বলে আসছে যে, তাদের পারমাণবিক কর্মসূচি শান্তিপূর্ণ। আন্তর্জাতিক পারমাণবিক শক্তি সংস্থা বা আইএইএ-এর মহাপরিচালক মঙ্গলবার সামাজিক মাধ্যমে লিখেছেন, সংস্থাটি এ বিষয়ে নিশ্চিত করতে পারছে না। তিনি বলেন, ”ইরান পারমাণবিক বোমা বানাচ্ছে- এমন কোনো প্রমাণ না থাকলেও প্রায় অস্ত্র মাত্রার কাছাকাছি সমৃদ্ধ ইউরেনিয়ামের বড়ো মজুত এবং আমার পরিদর্শকদের পূর্ণাঙ্গ প্রবেশাধিকার না দেওয়া গভীর উদ্‌বেগের কারণ।„(বিবিসি ওয়েব পেজ: ০৫.০৩.২০২৬ এলিনা)

## হরমুজ প্রণালি ˝ইরানের নিয়ন্ত্রণে,- দাবি বিপ্লবী গার্ডের

ইরানের তাসনিম বার্তা সংস্থা বিপ্লবী গার্ডের উদ্ধৃতি দিয়ে জানিয়েছে যে, হরমুজ প্রণালিতে মার্কিন, ইউরোপীয় বা ইসরায়েলি জাহাজ দেখা গেলে সেগুলোকে লক্ষ্যবস্তু করা হবে। তারা আরও বলেছে, যুদ্ধকালীন সময়ে নৌযান চলাচল ”ইরানের নিয়ন্ত্রণে„ থাকবে। ইরানের খাতাম আল-আনবিয়া সদর দফতর, যেটি বড়ো সামরিক অভিযান ও কৌশলগত সমন্বয় পরিচালনার দায়িত্বে রয়েছে, এর উপ-প্রধান ঘোষণা করেছেন যে, তারা হরমুজ প্রণালি বন্ধ করেননি এবং আন্তর্জাতিক প্রোটোকল অনুসারে জাহাজগুলোর সঙ্গে আচরণ করছে। একইসঙ্গে তিনি জোর দিয়ে বলেন, ঘোষিত লক্ষ্যে পৌঁছানো পর্যন্ত ”যতদিনই যুদ্ধ চলুক না কেন„ তার জন্য প্রস্তুত রয়েছে ইরান। খাতাম আল-আনবিয়া সদর দফতর আরও সতর্ক করে বলেছে, তাদের ভাষায় ”মার্কিন প্রতারণা„ অব্যাহত থাকলে অঞ্চলটির সামরিক ও অর্থনৈতিক অবকাঠামোর পতন ঘটতে পারে।(বিবিসি ওয়েব পেজ: ০৫.০৩.২০২৬ এলিনা)

## মধ্যপ্রাচ্যে বিভেদ তৈরি করতেই ইরানে হামলা : রাশিয়ান পররাষ্ট্রমন্ত্রী

রাশিয়ার পররাষ্ট্রমন্ত্রী সের্গেই ল্যাভরভ বলেছেন, ইরানকে লক্ষ্যবস্তু করে যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের হামলার একটি লক্ষ্য হলো, "মধ্যপ্রাচ্যের দেশগুলোর মধ্যে বিভেদ সৃষ্টি করা„। তিনি আরো জানান, ইউক্রেন সংকট, তথ্য নিরাপত্তা এবং ডিজিটাল হুমকি নিয়ে আয়োজিত রাষ্ট্রদূতদের এক গোলটেবিল বৈঠকে বোঝা গেছে, "ইরানের বিরুদ্ধে অভিযানের প্রকৃত উদ্দেশ্য নিয়ে যুক্তরাষ্ট্রের নিজের মধ্যেই মতপার্থক্য রয়েছে।„(বিবিসি ওয়েব পেজঃ ০৫.০৩.২০২৬ এলিনা)

## খামেনির মৃত্যুতে শোক প্রকাশ ভারতের

ইরানের সর্বোচ্চ নেতা আয়াতুল্লাহ আলী খামেনির মৃত্যুতে বৃহস্পতিবার শোক প্রকাশ করেছে ভারত। দেশটির পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র রনধীর জয়সওয়াল এক্স হ্যান্ডেলে লিখেছেন, "সর্বোচ্চ নেতা আয়াতুল্লাহ আলী খামেনির মৃত্যুতে ভারতের জনগণ ও সরকারের পক্ষে পররাষ্ট্র সচিব বিক্রম মিশ্রি ইরান ইসলামিক প্রজাতন্ত্রের দূতাবাসে গিয়ে শোক পুস্তিকায় স্বাক্ষর করেছেন।"ইরানের রাষ্ট্রদূতের সঙ্গে একান্তে কথা বলেছেন ভারতের পররাষ্ট্র সচিব, এ রকম একটি ছবিও এক্স হ্যান্ডেলে দিয়েছেন মি. জয়সওয়াল। বৃহস্পতিবার দুপুরেই ভারতের পররাষ্ট্র মন্ত্রী এস জয়শঙ্কর ইরানের বিদেশমন্ত্রী আব্বাস আরাঘচির সঙ্গে ফোনে কথা বলেছেন। তাদের মধ্যে কী আলোচনা হয়েছে, তা অবশ্য জানাননি মি. জয়শঙ্কর। মি. খামেনির মৃত্যু হয়েছে শনিবার ভোরে। তার পাঁচদিনের মাথায় শোক প্রকাশ করল ভারত। ভারতের পুরোনো মিত্র দেশ ইরানের সর্বোচ্চ নেতার মৃত্যুতে নরেন্দ্র মোদীর সরকার কোনো প্রতিক্রিয়া না দেওয়ায় দেশের মধ্যেই সমালোচনা উঠেছিল। ইরানে যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের হামলা শুরু হওয়ার পরে মধ্যপ্রাচ্যের একাধিক রাষ্ট্রপ্রধানের সঙ্গে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ফোনে কথা বলেছেন, পাশে থাকার বার্তা দিয়েছেন। তবে ইরানে মার্কিন-ইসরায়েলি হামলার নিন্দা করে এখনও কোনও বার্তা দেয়নি ভারত সরকার।
(বিবিসি ওয়েব পেজঃ ০৫.০৩.২০২৬ এলিনা)

## `বেসামরিক এলাকা লক্ষ্যবস্তু করছে, যুক্তরাষ্ট্র ও ইসরায়েল : ইরানের পররাষ্ট্রমন্ত্রী

ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাঘচী অভিযোগ করেছেন, যুক্তরাষ্ট্র ও ইসরায়েল উদ্দেশ্যপ্রণোদিতভাবে তাদের বেসামরিক এলাকায় হামলা চালাচ্ছে। সামাজিক যোগাযোগ মাধ্যম এক্স-এ এক পোস্টে মন্ত্রণালয়ের মুখপাত্র ইসমাইল বাকাই বলেছেন, "বিশ্বব্যাপী বাজারে এই হামলার প্রভাব পড়েছে, দাম বেড়েছে জ্বালানির, মুদ্রার বাজার অস্থিতিশীল হয়ে উঠেছে এবং বিশ্বজুড়ে সাধারণ মানুষের ক্রয় ক্ষমতা কমেছে।„ তিনি আরও বলেন, "আমাদের ইরানিদের জন্য এই যুদ্ধের মূল্য পরিমাপের বাইরে, নির্মমভাবে হত্যা করা হচ্ছে আমাদের দেশের মানুষকে। কারণ হামলাকারীরা উদ্দেশ্যপ্রণোদিতভাবে বেসামরিক এলাকা এবং এমন সব স্থানকে লক্ষ্যবস্তু বানাচ্ছে, যেখানে সর্বোচ্চ পরিমাণ প্রাণহানি ও দুর্ভোগ সৃষ্টি করা সম্ভব।„ এদিকে, ডোনাল্ড ট্রাম্প বলেছেন, তিনি ইরানের ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র ক্ষমতা এবং পারমাণবিক অস্ত্র তৈরির ক্ষমতা ধ্বংস করতে চাইছেন।(বিবিসি ওয়েব পেজঃ ০৫.০৩.২০২৬ এলিনা)

## যুক্তরাষ্ট্র-ইসরায়েলের হামলায় যুক্ত না হওয়ার সিদ্ধান্তে অটল ব্রিটিশ প্রধানমন্ত্রী

ইরানে যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের যৌথ হামলায় যুক্ত না হওয়ার সিদ্ধান্তে অটল ব্রিটিশ প্রধানমন্ত্রী স্যার কিয়ের স্টারমার। তিনি মার্কিন যুক্তরাষ্ট্রের বিমানকে ব্রিটিশ ঘাঁটি ব্যবহার করে হামলা চালানোর অনুমতিও দেননি। চলমান পরিস্থিতিতে উদ্‌বিগ্ন মানুষকে আশ্বস্ত করার জন্য আজ এক সংবাদ সম্মেলনে তিনি তার ওই সিদ্ধান্তের কারণ ব্যাখ্যা করেন। সেখানে তিনি বলেন, "আমার লক্ষ্য জাতীয় স্বার্থে শান্ত ও বিচক্ষণ নেতৃত্ব দেওয়া। যত চাপই থাকুক, আমাদের মূল্যবোধ ও নীতির পাশে দৃঢ়ভাবে দাঁড়ানোর শক্তি থাকতে হবে।„ এই মন্তব্যের মধ্যদিয়ে তিনি মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের চাপের কাছে নতি স্বীকার না করার ইঙ্গিত দিয়েছেন বলে মনে করা হচ্ছে। স্টারমার বলেন, ইরান ইস্যুতে যুক্তরাজ্যের দীর্ঘদিনের অবস্থান হলো আলোচনার মাধ্যমে সমাধান খোঁজা, যাতে ইরান তাদের পারমাণবিক কর্মসূচি বন্ধ করে। তিনি বলেন, "এই কারণেই আমি সিদ্ধান্ত নিয়েছি যে, যুক্তরাজ্য প্রথম দফার হামলায় অংশ নেবে না। এটি ভেবে-চিন্তে নেওয়া সিদ্ধান্ত, যা জাতীয় স্বার্থে নেওয়া হয়েছে এবং আমি এই সিদ্ধান্তে অটল।„
(বিবিসি ওয়েব পেজঃ ০৫.০৩.২০২৬ এলিনা)

## ইরানের বিরুদ্ধে যুদ্ধে আমেরিকা কি ভারতের বন্দর ব্যবহার করছে?

ইরানে হামলা চালানোর জন্য যুক্তরাষ্ট্রের ভারতীয় বন্দর ব্যবহারের দাবি খারিজ করেছে ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়। সম্প্রতি ডগলাস ম্যাকগ্রেগর নামে মার্কিন সেনাবাহিনীর এক সাবেক কর্মকর্তা দাবি করেন, ইরানের বিরুদ্ধে চলমান যুদ্ধে মার্কিন সেনাবাহিনী না কি ভারতীয় বন্দর ব্যবহার করেছে। যুক্তরাষ্ট্র-ভিত্তিক সংবাদমাধ্যম 'ওয়ান আমেরিকা নিউজ নেটওয়ার্ককে, দেওয়া এক সাক্ষাৎকারে তিনি একথা বলেছেন। ইরানের সর্বোচ্চ নেতা আয়াতুল্লাহ আলী খামেনির মৃত্যুতে নরেন্দ্র মোদীর সরকারের 'নীরবতা' নিয়ে দেশের ভিতরে এবং বাইরে ইতোমধ্যে সমালোচনার মুখোমুখি হতে হয়েছে ভারতকে। এই যুদ্ধে ভারতের অবস্থান নিয়ে কেন্দ্র সরকারকে কোণঠাসা করতে ছাড়েনি বিরোধী দলগুলো। সাবেক মার্কিন সেনা কর্মকর্তার মন্তব্য বিতর্ক আরও খানিকটা উসকে দেয়। এরপরই ভারতের পররাষ্ট্র

মন্ত্রণালয়ের প্রতিক্রিয়ায় ইরানের বিরুদ্ধে যুদ্ধে যুক্তরাষ্ট্রের তরফে দেশের বন্দর ব্যবহার করার দাবি খারিজ করা হয়। পররাষ্ট্র মন্ত্রণালয়ের ফ্যাক্ট চেক বিভাগের সামাজিক মাধ্যমে জানানো হয়, 'ওয়ান আমেরিকা নিউজ নেটওয়ার্ককে, দেওয়া ওই সাবেক সেনাকর্মকর্তার দাবি 'ভুয়া'। প্রসঙ্গত, ১৯৯১ সালে উপসাগরীয় যুদ্ধের সময় তৎকালীন ভারত সরকার মার্কিন বিমানকে ভারতীয় ভূখণ্ডে জ্বালানি ভরার অনুমতি দিয়েছিল, যা নিয়ে ক্ষমতাসীন সরকারের তীব্র সমালোচনা করেছিল বিরোধী দলগুলো। অন্যদিকে, ২০১৬ সালে ভারতের সঙ্গে মার্কিন যুক্তরাষ্ট্রের 'লজিস্টিকস এক্সচেঞ্জ মেমোরেন্ডাম অব অ্যাগ্রিমেন্ট' (এলইএমওএ) স্বাক্ষর হয়।

এটা একটা মৌলিক সামরিক চুক্তি, যা জ্বালানি, সরবরাহ এবং লজিস্টিক সহায়তার জন্য (যেমন, খাদ্য, জল, খুচরা যন্ত্রাংশ, চিকিৎসা পরিষেবা) মনোনীত সামরিক সুবিধাগুলোর ক্ষেত্রে একে অপরকে অ্যাক্সেস দেয়। ভারতের নৌবাহিনীর অবসরপ্রাপ্ত ভাইস অ্যাডমিরাল শেখর সিন্‌হা এই প্রসঙ্গে বিবিসি বাংলাকে বলেছেন, "ভারতের সঙ্গে যুক্তরাষ্ট্রের মধ্যে লজিস্টিক্স এক্সচেঞ্জ মেমোরেন্ডাম অব অ্যাগ্রিমেন্ট আছে মানেই তারা (যুক্তরাষ্ট্র) ভারতের লজিস্টিক্স ব্যবহার করতে পারবে এমনটা নয়।„ তিনি ভারতীয় নৌবাহিনীর পশ্চিমাঞ্চলীয় নৌ কমান্ডের কমান্ডার-ইন-চিফ ছিলেন। তার কথায়, "এর নির্দিষ্ট নিয়ম রয়েছে, শর্তাবলি রয়েছে। পার্টনার দেশের না বলার অধিকার আছে এক্ষেত্রে।„

**সাবেক মার্কিন কর্মকর্তা কী বলেছিলেন?**

'ওয়ান আমেরিকা নিউজ নেটওয়ার্ককে, দেওয়া সাক্ষাৎকারে সাবেক মার্কিন সেনা কর্মকর্তা কর্নেল ডগলাস ম্যাকগ্রেগরকে বলতে শোনা যায়, "আমাদের সমস্ত ঘাঁটি ধ্বংস করা হয়েছে। আমাদের বন্দরের ইনস্টলেশন (স্থাপনা) ধ্বংস করা হয়েছে।„ "আমাদের আসলে ভারত এবং ভারতীয় বন্দরগুলির উপর নির্ভর করতে হচ্ছে, যা আদর্শ নয়... নৌবাহিনী এটাই জানিয়েছে।„ তার এই দাবি নিয়ে আলোচনা শুরু হয়। দ্রুত ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়ের তরফে প্রতিক্রিয়া মেলে।

**ভারতের প্রতিক্রিয়া**

মন্ত্রণালয়ের ফ্যাক্ট চেক বিভাগের পক্ষ থেকে এক্স হ্যান্ডেলে জানানো হয়, "মার্কিন নৌবাহিনীর তরফে ভারতীয় বন্দর ব্যবহার করা হচ্ছে বলে মার্কিন ভিত্তিক চ্যানেল ওয়ান-এ যে দাবি করা হয়েছে, তা ভুয়া এবং মিথ্যে। আমরা আপনাদের এই ধরনের ভিত্তিহীন এবং বানিয়ে বলা মন্তব্যের বিরুদ্ধে সতর্ক করছি।„ ভারতের প্রেস ইনফরমেশন ব্যুরোর তরফে ওই সাক্ষাৎকারের একটা ক্লিপ সামাজিক যোগাযোগ মাধ্যমে শেয়ার করা হয়েছে। সেখানে উল্লেখ করা হয়, "মার্কিন যুক্তরাষ্ট্রভিত্তিক একটি চ্যানেল, ওয়ান আমেরিকা নিউজ নেটওয়ার্কে, মার্কিন সেনাবাহিনীর সাবেক কর্নেল ডগলাস ম্যাকগ্রেগর বিবৃতি দিয়েছিলেন যে, ইরান-যুক্তরাষ্ট্রের চলমান সংঘাতে মার্কিন যুক্তরাষ্ট্র ইরানে আক্রমণ করার জন্য ভারতীয় নৌঘাঁটি ব্যবহার করছে।„ এই দাবি ভুয়া, বলা হয় বিবৃতিতে।

**অতীতে এমনটা হয়েছে?**

এই প্রসঙ্গে উল্লেখ করা দরকার, ১৯৯১ সালে সালের উপসাগরীয় যুদ্ধের সময় ভারত সরকার মার্কিন বিমানকে তার ভূখণ্ডে জ্বালানি ভরার অনুমতি দিয়েছিল। তা নিয়ে ব্যাপক সমালোচনার মুখে পড়তে হয়েছিল ক্ষমতাসীন সরকারকে। এরপর ২০০৩ সালে শোনা গিয়েছিল, ইরাকে সামরিক অভিযানে মার্কিন প্রেসিডেন্ট জর্জ বুশের সাহায্যের অনুরোধ প্রত্যাখ্যান করেছেন তৎকালীন প্রধানমন্ত্রী অটল বিহারী বাজপেয়ী। তৎকালীন বিদেশমন্ত্রী যশবন্ত সিনহা অবশ্য জানিয়েছিলেন, মার্কিন যুক্তরাষ্ট্রের তরফে ভারতকে এমন কোনো অনুরোধ করা হয়নি। বিবিসিকে মি. সিন্‌হা এ-ও জানিয়েছিলেন, ভারত যুদ্ধের প্রতি নিজেদের দ্ব্যর্থহীন বিরোধিতার ক্ষেত্রে অটল রয়েছে। এরপর ২০১৬ সালে ভারত ও যুক্তরাষ্ট্রের মধ্যে 'লজিস্টিকস এক্সচেঞ্জ মেমোরেন্ডাম অব অ্যাগ্রিমেন্ট' স্বাক্ষর হয়। এটা একটি 'কার্যকরী' চুক্তি, যার ভিত্তিতে 'একটা দেশ (তার বন্দর বা বিমানবন্দর) অন্য দেশের সফররত সামরিক বাহিনীকে প্রয়োজনীয় সরবরাহ এবং পরিষেবা প্রদান করে।' বিশ্বের বহু দেশের সঙ্গে মার্কিন যুক্তরাষ্ট্রের এমন ব্যবস্থাপনা রয়েছে। তা সত্ত্বেও ভারত ও যুক্তরাষ্ট্রের মধ্যে স্বাক্ষরিত ওই চুক্তির প্রতীকী এবং কৌশলগত গুরুত্ব উপেক্ষা করা যায় না।

**বিশেষজ্ঞদের মতামত**

অবসরপ্রাপ্ত ভাইস অ্যাডমিরাল শেখর সিন্‌হা বিসি বাংলাকে বলেছেন, "এই প্রসঙ্গে ভারত ইতোমধ্যে নিজের অবস্থান স্পষ্ট করে দিয়েছে। দেশের ঘাঁটিগুলোর রেকর্ড ঘাঁটলেই সঠিক তথ্য জানা যাবে।„ সাম্প্রতিক পরিস্থিতির গভীরতার দিকে ইঙ্গিত করে তিনি ব্যাখ্যা করেছেন, "দুই দেশ যুদ্ধ ঘোষণা করলে পক্ষ নেওয়াটা কঠিন। প্রথম থেকে ভারত এটা স্পষ্ট করে দিয়েছে, দুই দেশের যুদ্ধে তারা কোনো পক্ষ নেবে না। আন্তর্জাতিক সম্পর্কের দিক থেকেও কিন্তু সেটাই কাম্য।„ প্রবীণ সাংবাদিক এবং প্রতিরক্ষা বিশেষজ্ঞ মনোজ জোশীর কথায়, "মার্কিন যুক্তরাষ্ট্রের চুক্তি থাকলেও, সেটা সব ক্ষেত্রে প্রযোজ্য নয়। যদি কোনো সময় বিষয়টা দেশের স্বার্থের বিরুদ্ধে যায়, তাহলে ভারত যুক্তরাষ্ট্রকে অ্যাক্সেস না-ও দিতে পারে।„ "ইরানের বিরুদ্ধে যুদ্ধে ভারতীয় বন্দর ব্যবহারের যে দাবি উঠেছে, সেই বিষয়টাকে সরকারের গুরুত্ব সহকারে দেখা উচিত এবং তার উপর কড়া নজর রাখা উচিত। যাতে ভবিষ্যতে অন্য কেউ এসে এমন দাবি না করতে পারে।„ বর্তমান পরিস্থিতি ভারতের পক্ষে কঠিন বলে মনে করছেন বিশেষজ্ঞরা। ওপি জিন্দাল গ্লোবাল ইউনিভার্সিটির

জিন্দাল স্কুল অফ ইন্টারন্যাশনাল অ্যাফেয়ার্স-এর অ্যাসিস্ট্যান্ট প্রফেসর ড. গীতাঞ্জলি সিন্‌হা রায় বলেছেন, ”পররাষ্ট্র মন্ত্রণালয়ের তরফে ওই মন্তব্যকে ভুয়া বলে খারিজ করার পদক্ষেপ কিন্তু ইন্টারন্যাশনাল রিলেশন্সের দিক থেকে গুরুত্বপূর্ণ। কারণ প্রথমত, কারো বিরুদ্ধে গিয়ে এই বিবৃতি দেওয়া এবং বৈশ্বিক স্তরে এর ফল কী হতে পারে, তা অনুমান করা যায়।„ ”ইরানের বিরুদ্ধে যুদ্ধে বিশ্বের শক্তিশালী দেশগুলোর বেশিরভাগই কোনো না কোনো পক্ষ নিয়েছে এবং বিশ্বজুড়ে অস্থিরতা তৈরি হয়েছে। তাই এই পরিস্থিতিতে ভারত যে পদক্ষেপই নিক, তার কিন্তু গুরুত্ব রয়েছে।„ শেখর সিন্‌হার মতে, চলমান সংঘর্ষের প্রেক্ষিতে ভারত এখনো পর্যন্ত নিরপেক্ষ অবস্থান বজায় রেখেছে। যদিও ইরানের বিরুদ্ধে ইসরায়েল ও যুক্তরাষ্ট্রের যুদ্ধে ভারতের অবস্থান নিয়ে ভিন্ন মত পোষণ করেন মনোজ জোশী। তাঁর কথায়, ”সরকারের পক্ষ থেকে বলা হচ্ছে যে, চলমান পরিস্থিতিতে ভারত নিরপেক্ষ অবস্থান নিয়েছে। কিন্তু আমি তা মনে করি না।„ ”ভারত উপসাগরীয় দেশগুলোয় হামলার পর ভারত তাদের সঙ্গে কথা বলেছে এবং তাদের উপর হামলার নিন্দা করেছে। কিন্তু ইরানের সর্বোচ্চ নেতার উপর হামলার নিন্দা করতে দেখা গিয়েছে কি?„, বলেন মি. জোশী।(বিবিসি ওয়েব পেজ : ০৫.০৩.২০২৬ আলী আহমেদ)

## এনএইচকে

### ইরানের বিরুদ্ধে যুদ্ধে আমেরিকা ভালো করছে : ট্রাম্প

মার্কিন যুক্তরাষ্ট্র এবং ইসরায়েল ইরানের উপর তাদের আক্রমণ তীব্রতর করছে এবং প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প এই সামরিক অভিযানকে ন্যায্যতা প্রদান করে এতে সাফল্যের দাবি করে চলেছেন। বুধবার ওয়াশিংটনে ট্রাম্প বলেন যে, তিনি এটিকে ১ থেকে ১০-এর মাপকাঠিতে ”প্রায় ১৫„ হিসেবে মূল্যায়ন করবেন। ট্রাম্প আরও বলেন, ”আমি মনে করি, আমরা যদি আগাম এটা না করতাম, তাহলে তারা ইসরায়েলের সাথে এটা করতো এবং যদি সম্ভব হতো আমাদেরও আঘাত করতো।„ তিনি আরও বলেন, ”আমরা যদি দুই সপ্তাহের মধ্যে আঘাত না করতাম, তাহলে তারা পারমাণবিক অস্ত্রের অধিকারী হয়ে যেত।„ এক সংবাদ সম্মেলনে মার্কিন প্রতিরক্ষা মন্ত্রী পিট হেগসেথ বলেন, ”এক সপ্তাহেরও কম সময়ের মধ্যে„ ইরানের আকাশের ”সম্পূর্ণ নিয়ন্ত্রণ„ মার্কিন যুক্তরাষ্ট্র এবং ইসরায়েলের হাতে এসে যাবে। তিনি আরও বলেন, আক্রমণের ক্ষেত্রে ”আরও অনেক বড়ো ঢেউ আসছে।„ তবে হোয়াইট হাউসের প্রেস সেক্রেটারি ক্যারোলাইন লিভিট সাংবাদিকদের বলেছেন যে, স্থলসেনা পাঠানো এই মুহূর্তে ”পরিকল্পনার মধ্যে নেই„। (এনএইচকে ওয়েবপেইজ: ০৫.০৩.২৬ রনি)

## ডয়চে ভেলে

### বাংলাদেশে আগের পোশাকই চান অধিকাংশ পুলিশ কর্মী

আগের গাঢ় নীল রঙের (নেভি ব্লু শার্ট-প্যান্ট) পোশাকে ফিরতে চায় পুলিশ। ১ লাখ ৪ হাজার ৯১৩ জন পুলিশ সদস্য আগের পোশাকের পক্ষে মত দিয়েছেন। আর বর্তমানের লৌহ (আয়রন) রঙের শার্ট ও কফি (শেল) প্যান্ট পরতে চান ৯১১ জন সদস্য। পুলিশ সদর দপ্তর সূত্র জানায়, বাংলাদেশ পুলিশে ২ লাখ ১২ হাজার পুলিশ সদস্য রয়েছেন। গত সোম ও মঙ্গলবার দেশের ৬৪ জেলার পুলিশ সুপারের নেতৃত্বে কল্যাণ প্যারেড হয়। এতে অংশ নেওয়া পুলিশ সদস্যসহ, পুলিশ সদর দপ্তর ও রেঞ্জ পুলিশ সদস্য মিলে মোট ১ লাখ ৮ হাজার ৬৪১ জন পুলিশ সদস্য অংশ নেন। তাদের কাছে লিখিত ফর্মে পোশাক নিয়ে হ্যাঁ/না মতামত চাওয়া হয়। সেসব ফর্মের মতামত যোগ করে দেখা যায়, ৯৬ দশমিক ৫৭ শতাংশ পুলিশ সদস্য আগের পোশাক নেভি ব্লু শার্ট-প্যান্ট এবং মহানগর এলাকায় সবুজ (গ্রিন) শার্ট ও গাঢ় প্যান্টের পক্ষে। ২ হাজার ৮১৭ জন পুলিশ সদস্য অন্য রঙের পোশাক চান, যা শতকরা হিসাবে ২ দশমিক ৫৯ শতাংশ। স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ বলেছেন, পুলিশের পোশাক পরিবর্তনের বিষয়ে পুলিশ বিভাগের সঙ্গে আলোচনা করে ব্যবস্থা নেওয়া হবে। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ০৫.০৩.২০২৬ রুবাইয়া)

### ময়মনসিংহে দীপু দাস হত্যার ঘটনায় আরো দুই আসামি গ্রেফতার

ময়মনসিংহের ভালুকায় পোশাক শ্রমিক দীপু চন্দ্র দাসকে পিটিয়ে ও পুড়িয়ে হত্যার ঘটনায় আরো দু-জন আসামিকে গ্রেফতার করেছে জেলা পুলিশের গোয়েন্দা শাখা (ডিবি)। গতকাল বুধবার রাত ১০টার দিকে পৃথক স্থানে অভিযান চালিয়ে তাদের গ্রেফতার করা হয় বলে ডয়চে ভেলের কন্টেন্ট পার্টনার দৈনিক প্রথম আলো জানিয়েছে। গ্রেফতার ব্যক্তিরা হলেন- সিয়াম আহম্মেদ (১৯) ও আবদুল্লাহ (২৮)। সিয়াম ভালুকা উপজেলার বাটাজোর ডাকুরিয়া গ্রামের সাইফুল ইসলামের ছেলে এবং আবদুল্লাহ উপজেলার হবিরবাড়ি ইউনিয়নের কড়ইতলা গ্রামের মো. ইদ্রিস আলীর ছেলে। ময়মনসিংহের অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন) আবদুল্লাহ আল মামুন বলেন, গ্রেফতার হওয়া আসামিরা ঘটনাস্থলে উপস্থিত থেকে দীপুর মরদেহ স্কয়ার মাস্টারবাড়ী মেইন রোডে গাছে ঝুলানো অবস্থায় রশি টেনে স্লোগান দেন, উপস্থিত জনতাকে উত্তেজিত করে লাশের ওপর নির্যাতন করেন এবং উপস্থিত জনতাকে নির্যাতন চালাতে উৎসাহিত করেন। এ পর্যন্ত দীপু হত্যা মামলায় সর্বমোট ২৫ জন আসামিকে গ্রেফতার করা হয়েছে। এর মধ্যে ১২ জন আসামি আদালতে স্বীকারোক্তিমূলক জবানবন্দি দিয়েছেন। ভালুকার হবিরবাড়ী ইউনিয়নের ডুবালিয়াপাড়া এলাকায় গত

১৮ ডিসেম্বর রাতে ধর্ম অবমাননার অভিযোগ তুলে পাইওনিয়ার নিটওয়্যারস (বিডি) লিমিটেড কারখানার কর্মী দীপু চন্দ্র দাসকে ধরে নিয়ে পিটিয়ে হত্যা করা হয়। পরে কারখানা থেকে এক কিলোমিটার দূরে ঢাকা-ময়মনসিংহ মহাসড়কের বিভাজকের একটি গাছে ঝুলিয়ে মরদেহে আগুন ধরিয়ে দেওয়া হয়। এ ঘটনায় তার ভাই অপু চন্দ্র দাস অজ্ঞাতপরিচয় ১৪০ থেকে ১৫০ জনকে আসামি করে একটি মামলা করেন। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ০৫.০৩.২০২৬ রুবাইয়া)

## ধর্ষণকে রাষ্ট্র ও সমাজের সমস্যা হিসেবে চিহ্নিত করার দাবি

ধর্ষণ শুধু নারীর সমস্যা নয়, এটিকে রাষ্ট্র ও সমাজের সামগ্রিক সমস্যা হিসেবে চিহ্নিত করতে হবে। ধর্ষণের শিকার ব্যক্তির ন্যায়বিচার নিশ্চিত করতে সরকারকে কার্যকর উদ্যোগ নিতে হবে। পাশাপাশি, ভুক্তভোগী ও সাক্ষীর সুরক্ষা নিশ্চিত করে তিন মাসের মধ্যে ধর্ষণ মামলার বিচার শেষ করার দাবি জানিয়েছেন নারী নেত্রীরা। আজ বৃহস্পতিবার ঢাকা রিপোর্টার্স ইউনিটির সাগর-রুনি মিলনায়তনে আয়োজিত সংবাদ সম্মেলনে এ দাবি জানানো হয়। সাম্প্রতিক সময়ে ধর্ষণের ঘটনায় ভুক্তভোগীর সুরক্ষা বিষয়ে এই সংবাদ সম্মেলনের আয়োজন করে ধর্ষণ আইন সংস্কার জোট। সংবাদ সম্মেলনে বাংলাদেশ মহিলা পরিষদ, মানুষের জন্য ফাউন্ডেশন, ব্র্যাক, ব্লাস্টসহ জোটের বিভিন্ন সংস্থার প্রতিনিধিরা উপস্থিত ছিলেন। সেখানে লিখিত বক্তব্য উপস্থাপন করেন ব্লাস্টের লিগ্যাল এইড স্পেশালিস্ট আয়েশা আক্তার। তিনি বলেন, দেশে নারী ও শিশুদের বিরুদ্ধে ধর্ষণ ও হত্যার ঘটনা উদ্বেগজনকভাবে বাড়ছে। সম্প্রতি নরসিংদীর মাধবদী, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় এলাকা, পাবনার ঈশ্বরদী ও চট্টগ্রামের সীতাকুণ্ডে ঘটে যাওয়া ঘটনাগুলো তার প্রমাণ। সংবাদ সম্মেলনে ধর্ষণ আইন সংস্কার জোট আট দফা দাবি তুলে ধরেছে। দাবিগুলোর মধ্যে আছে ধর্ষণের ঘটনায় দ্রুত অপরাধীকে আইনের আওতায় আনা, ভুক্তভোগী, পরিবার ও সাক্ষীর সুরক্ষা নিশ্চিত করা, সহিংসতার শিকার ব্যক্তিদের সরকারি সেবাদানকারী প্রতিষ্ঠানের জবাবদিহি নিশ্চিত করা।

এ ছাড়া মানবাধিকার মানদণ্ডের সঙ্গে সামঞ্জস্য রেখে ধর্ষণবিষয়ক আইন সংস্কার, প্রতিবন্ধী ভুক্তভোগীর ন্যায়বিচার নিশ্চিত, ভুক্তভোগী ও সাক্ষী সুরক্ষা আইন প্রণয়ন এবং উচ্চ আদালতের রায়ের যথাযথ বাস্তবায়ন, ভুক্তভোগীর চরিত্রগত সাক্ষ্যের ব্যবহার সম্পূর্ণ নিষিদ্ধ করে সাক্ষ্য আইন, ২০২২-এর ১৪৬-এর (৩) ও ১৫১ ধারার সুষ্ঠু প্রয়োগ নিশ্চিত করা এবং স্বাস্থ্য, বিচার ও বেসরকারি সংস্থার সমন্বিত উদ্যোগ নেওয়ার পাশাপাশি, নারী ও শিশু নির্যাতন দমন (সংশোধন) অধ্যাদেশ-২০২৫ দ্রুত আইনে পরিণত করার দাবি জানানো হয়। সংবাদ সম্মেলনে সভাপতিত্ব করেন বাংলাদেশ মহিলা পরিষদের যুগ্ম সাধারণ সম্পাদক মাসুদা রেহানা রোজী। রাজনৈতিক দলগুলো ধর্ষণ সমস্যা সমাধানে প্রতিশ্রুতিবদ্ধ নয় উল্লেখ করে তিনি বলেন, তারা ধর্ষণকে কোনো সমস্যা মনে করছে না। ১০০ দিনের একটি প্রোগ্রাম নিয়েছে বর্তমান সরকার। কিন্তু এই প্রোগ্রামেও নারী নির্যাতনের কথা কোথাও নেই। ধর্ষণের বিচার তিনমাসের মধ্যে সম্পন্ন করার বিষয়ে সরকারের কাছে কার্যকর উদ্যোগ গ্রহণের দাবি জানান তিনি। সংবাদ সম্মেলনে ব্র্যাকের সামাজিক ক্ষমতায়ন ও আইনি সুরক্ষা কর্মসূচির সহযোগী পরিচালক শাশ্বতী বিপ্লব বলেন, নারী ও শিশু নির্যাতন ট্রাইবুনালে ৫ বছরের পুরোনো অন্তত ১০ হাজার মামলা বিচারাধীন আছে। মামলার এমন দীর্ঘসূত্রিতা থাকলে ধর্ষকেরা ভয় পাবে না। অপরাধও বন্ধ হবে না। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ০৫.০৩.২০২৬ রুবাইয়া)

# জাগো নিউজ

## ফ্যামিলি কার্ডের উদ্‌বোধন কড়াইল বস্তিতে, থাকবেন প্রধানমন্ত্রী

আগামী ১০ মার্চ রাজধানীর কড়াইল বস্তি সংলগ্ন টিঅ্যান্ডটি মাঠে ফ্যামিলি কার্ড কর্মসূচির উদ্‌বোধন করবেন প্রধানমন্ত্রী তারেক রহমান। সেখান থেকে প্রধানমন্ত্রী দেশের ১৪টি স্থানে কর্মসূচিটির উদ্‌বোধন ঘোষণা করবেন। বৃহস্পতিবার (৫ মার্চ) সরকারি এক তথ্য বিবরণীতে এ তথ্য জানানো হয়েছে। এতে জানানো হয়েছে, প্রধানমন্ত্রী তারেক রহমান আগামী ১০ মার্চ সকাল ১০টায় কড়াইল বস্তি সংলগ্ন টিঅ্যান্ডটি মাঠে ফ্যামিলি কার্ড কর্মসূচির উদ্‌বোধন করবেন। দেশের ১৪টি স্থানে কর্মসূচিটির উদ্‌বোধন ঘোষণা করা হবে। (জাগো নিউজ ওয়েব পেজ:০৫.০৩.২০২৬ আসাদ)

## নিজ দপ্তরে লাইট ও এসির মাত্রা কমালেন প্রধানমন্ত্রী

বিদ্যুৎ ব্যবহারে সাশ্রয়ী হতে সচিবালয়ে নিজের কক্ষের অর্ধেক লাইট ও শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্রের মাত্রা কমিয়ে দিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। একইসঙ্গে তিনি সব মন্ত্রণালয় ও প্রতিষ্ঠানকে বিদ্যুৎ ব্যবহারে সাশ্রয়ী হওয়ার পরামর্শ দিয়েছেন। বৃহস্পতিবার সকালে প্রধানমন্ত্রীর অতিরিক্ত প্রেস সচিব আতিকুর রহমান রুমন এ তথ্য জানান। তিনি বলেন, প্রধানমন্ত্রী সকাল ৯টা ১০ মিনিটে সচিবালয়ে নিজের দপ্তরে আসেন। তিনি অফিসে এসে নিজের কক্ষের ৫০ শতাংশ লাইটের সুইচ অফ করে দেন এবং এসির বিদ্যুৎপ্রবাহ ২৫ দশমিক ১ মাত্রায় নিয়ে আসেন। এই মাত্রায় নিলে বিদ্যুৎ খরচ কম হয়। রুমন বলেন, শুধু তাই নয়, প্রধানমন্ত্রী মন্ত্রিপরিষদ কক্ষে মন্ত্রিসভার বৈঠকে প্রবেশ করেই কক্ষের অর্ধেক লাইট বন্ধ করে দিতে এবং এসির মাত্রা কমিয়ে দিতে বলেন। সচিবালয়ের ১ নম্বর ভবনে প্রধানমন্ত্রীর দপ্তর। এই দপ্তরে মন্ত্রিপরিষদ বিভাগসহ প্রধানমন্ত্রীর অধীনস্থ বিভিন্ন বিভাগ রয়েছে। অতিরিক্ত প্রেস সচিব বলেন, প্রধানমন্ত্রীর এই

ব্যতিক্রমী উদ্যোগের পর তার দপ্তরের সব কক্ষে তাৎক্ষণিকভাবে অর্ধেক লাইট বন্ধ এবং এসির মাত্রা কমানো হয়। (জাগো নিউজ ওয়েব পেজ:০৫.০৩.২০২৬ আসাদ)

## দেশের অবস্থা বিবেচনায় রাষ্ট্রীয় ইফতার মাহফিল কমালেন প্রধানমন্ত্রী

দেশের সামগ্রিক অবস্থা বিবেচনায় জাঁকজমকপূর্ণ ইফতার মাহফিল এড়িয়ে চলার সিদ্ধান্ত নিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। কূটনীতিক এবং এতিম-আলেম-উলামাদের সম্মানে রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় দুটি ইফতার মাহফিলে থাকবেন তিনি। বৃহস্পতিবার (৫ মার্চ) তার অতিরিক্ত প্রেস সচিব আতিকুর রহমান রুমন এ কথা জানান। তিনি বলেন, দেশের সার্বিক অবস্থা বিবেচনা করে শুধু দুটি ইফতার মাহফিল যথাক্রমে ৬ মার্চ শুক্রবার কূটনীতিকদের সম্মানে এবং ৭ মার্চ এতিম-আলেম-উলামা-মাশায়েক সম্মানে আয়োজন করছেন প্রধানমন্ত্রী। এই দুটি হবে যমুনায়। প্রধানমন্ত্রী রাজনীতিকদের সম্মানে ৮ মার্চ এবং সাংবাদিকদের সম্মানে ১০ মার্চ রাষ্ট্রীয় অতিথি ভবন যুমনায় ইফতার পার্টির সময়সূচি নির্ধারিত থাকলেও, তার সার্বিক অবস্থা বিবেচনা করে বাতিল করা হয়েছে বলে জানান অতিরিক্ত প্রেস সচিব। (জাগো নিউজ ওয়েব পেজ:০৫.০৩.২০২৬ রিহাব)

## নগদ সহায়তা ও সার-বীজ পেতে চালু হচ্ছে কৃষক কার্ড

ক্ষুদ্র কৃষকদের উৎপাদনে সহযোগিতা করার জন্য সরকার কৃষক কার্ড দেওয়ার সিদ্ধান্ত গ্রহণ করেছে। এর মাধ্যমে ক্ষুদ্র কৃষককে নগদ সহায়তা ও সার-বীজ দেওয়ার পরিকল্পনা করা হচ্ছে। এ কৃষক কার্ড সম্পূর্ণ একটি আলাদা কার্ড হবে কৃষকের নামে, যার সঙ্গে ফ্যামিলি কার্ডের কোনো সম্পর্ক থাকবে না। তবে অনেকটা ফ্যামিলি কার্ডের আদলেই পরিচালিত হবে বলে কৃষি মন্ত্রণালয় সূত্রে জানা গেছে। বুধবার সচিবালয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ে কৃষক কার্ড চালু সংক্রান্ত একটি সভা হয়। এতে সভাপতিত্ব করেন প্রধানমন্ত্রী তারেক রহমান। সভায় কৃষিমন্ত্রী আমিন-উর রশীদ, কৃষি সচিব রফিকুলসহ কমিটির অন্যান্য সদস্যরা উপস্থিত ছিলেন। এসময় প্রধানমন্ত্রী এ কার্ড বিষয়ে নানা ধরনের দিক-নির্দেশনা দিয়েছেন কৃষি মন্ত্রণালয়কে। সেসব সূত্রে কৃষি মন্ত্রণালয় বলছে, প্রথমেই সরকার একটি প্রি-পাইলটিং কর্মসূচি হাতে নিয়েছে। এর মাধ্যমে ৯টি ইউনিয়নে ১৮০০ থেকে ২ হাজার কৃষি কার্ড বিতরণ করবে। প্রাথমিক অবস্থায় এই কার্ডগুলো পাবেন একেবারেই প্রান্তিক ও ক্ষুদ্র কৃষক। (জাগো নিউজ ওয়েব পেজ:০৫.০৩.২০২৬ রিহাব)

## শহিদ আবু সাঈদ হত্যা মামলার রায় ৯ এপ্রিল

জুলাই আন্দোলনের প্রথম শহিদ রংপুরের বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী আবু সাঈদ হত্যা মামলার রায় ঘোষণা করা হবে আগামী ৯ এপ্রিল। বৃহস্পতিবার এ তথ্য জানানো হয়েছে। ২০২৪ সালের ১৬ জুলাই দুপুরে আন্দোলন চলাকালে বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের সামনে পার্ক মোড়ে পুলিশের গুলিতে নিহত হন ইংরেজি বিভাগের শিক্ষার্থী ও আন্দোলনের অন্যতম সমন্বয়ক আবু সাঈদ। দুই হাত প্রসারিত করে পুলিশের সামনে বুক পেতে দেওয়া সাঈদের সেই ভিডিওটি দেশজুড়ে আলোড়ন সৃষ্টি করে এবং ছাত্র-জনতার আন্দোলনকে গণ-অভ্যুত্থানে রূপ দেয়। এরই ধারাবাহিকতায় ৫ আগস্ট শেখ হাসিনা সরকারের পতন ঘটে। এ ঘটনায় বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য হাসিবুর রশীদসহ মোট ৩০ জনকে আসামি করে মামলা করা হয়। তাদের মধ্যে সাবেক প্রক্টর শরিফুল ইসলামসহ ছয়জন বর্তমানে গ্রেফতার হয়ে কারাগারে। বাকি ২৪ জন এখনো পলাতক।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৫.০৩.২০২৬ আসাদ)

## ঈদের ছুটি ৭ দিন, যোগ হলো ১৮ মার্চও

ঈদের সময় ঘরমুখো মানুষের যাত্রা নির্বিঘ্ন করতে আগামী ১৮ মার্চও ছুটি ঘোষণা করেছে সরকার। এতে এবার ঈদুল ফিতরে ১৭ থেকে ২৩ মার্চ পর্যন্ত টানা ৭ দিন ছুটি পাবেন সরকারি চাকরিজীবীরা। বৃহস্পতিবার মন্ত্রিসভা বৈঠকে ঈদের আগে ১৮ মার্চ ছুটি ঘোষণার সিদ্ধান্ত নেওয়া হয়। সচিবালয়ে অনুষ্ঠিত মন্ত্রিসভা বৈঠকে সভাপতিত্ব করেন প্রধানমন্ত্রী তারেক রহমান। বৈঠক শেষে প্রাথমিক ও গণশিক্ষা প্রতিমন্ত্রী ববি হাজ্জাজ সাংবাদিকদের এ বিষয়টি নিশ্চিত করেন। চাঁদ দেখা সাপেক্ষে আগামী ২০ বা ২১ মার্চ দেশে মুসলিম ধর্মাবলম্বীদের সবচেয়ে বড়ো ধর্মীয় উৎসব ঈদুল ফিতর উদ্‌যাপন হবে। (জাগো নিউজ ওয়েব পেজ:০৫.০৩.২০২৬ আসাদ)

## বাগেরহাট-১ আসনের ভোট পুনর্গণনার নির্দেশ

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে বাগেরহাট-১ (চিতলমারী, ফকিরহাট ও মোল্লাহাট) সংসদীয় আসনের প্রাপ্ত ভোট পুনর্গণনার নির্দেশ দিয়েছেন হাইকোর্ট। বৃহস্পতিবার বিচারপতি জাকির হোসেনের একক নির্বাচনি ট্রাইব্যুনাল বেঞ্চ এ নির্দেশ দেন। গত ১২ ফেব্রুয়ারি অনুষ্ঠিত জাতীয় সংসদ নির্বাচনে বাগেরহাট-১ আসনে জামায়াতে ইসলামীর প্রার্থী মওলানা মশিউর রহমান দাঁড়িপাল্লা প্রতীকে ১ লাখ ১৭ হাজার ৯৬৬ ভোট পেয়ে বিজয়ী হন। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী বিএনপি মনোনীত ধানের শীষের প্রার্থী কপিল কৃষ্ণ পান ১ লাখ ১৪ হাজার ৫৯০ ভোট। তিন উপজেলা নিয়ে গঠিত এই আসনটিতে মোট ভোটকেন্দ্র ছিল ১৪৭টি। ত্রয়োদশ জাতীয় নির্বাচনে বাগেরহাটের চারটি সংসদীয় আসনের মধ্যে তিনটিতেই জয় পায় জামায়াতের প্রার্থীরা। (জাগো নিউজ ওয়েব পেজ:০৫.০৩.২০২৬ আসাদ)

## শাহজালাল থেকে মধ্যপ্রাচ্যের ২১০ ফ্লাইট বাতিল

ইরানে মার্কিন যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের হামলা শুরুর পর থেকে ইরান, ইরাক, কুয়েত, সংযুক্ত আরব আমিরাত, বাহরাইন, কাতার ও জর্ডানের আকাশসীমা বন্ধ রয়েছে। এ পরিস্থিতিতে ঢাকার হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর থেকে এখন পর্যন্ত মধ্যপ্রাচ্যগামী ২১০টি ফ্লাইট বাতিল হয়েছে। গত ২৮ ফেব্রুয়ারি থেকে আজ বৃহস্পতিবার পর্যন্ত এসব ফ্লাইট বাতিল করা হয়। শাহজালাল বিমানবন্দর সূত্র জানায়, বিমানবন্দর থেকে গত ২৮ ফেব্রুয়ারি ২৩টি, ১ মার্চ ৪০টি, ২ মার্চ ৪৬টি, ৩ মার্চ ৩৯টি, ৪ মার্চ ২৮টি ও ৫ মার্চ ৩৪টি ফ্লাইট বাতিল হয়েছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৫.০৩.২০২৬ আসাদ)

## সারা দেশে ৩০ হাজার খাল চিহ্নিত করতে ব্যয় ৩১ কোটি টাকা

দেশের বহু খাল-নালা অবৈধ দখল, দূষণ আর নগরায়ণের থাবায় অস্তিত্ব সংকটে পড়েছে। এমনকি এসব খাল-নালার সুনির্দিষ্ট কোনো তথ্যভান্ডারও নেই। সরকার আগামী পাঁচ বছরে সারা দেশে ২০ হাজার কিলোমিটার খাল খননের পরিকল্পনা নিয়েছে। যার মধ্যে সরকারের মেয়াদ শুরুর প্রথম ১৮০ দিনে খনন করা হবে ১০০০ কিলোমিটার খাল। তবে সেখানে দৃশ্যমান হবে ১২০০ কিলোমিটারেরও বেশি। অবৈধ দখল নিয়ে উদ্‌বেগের মধ্যেই সারা দেশে খাল চিহ্নিত ও মানচিত্রভুক্ত করতে উদ্যোগ নিয়েছে সরকার। এরই অংশ হিসেবে দেশজুড়ে ছড়িয়ে ছিটিয়ে থাকা ৩০ হাজার খালকে চিহ্নিত, শ্রেণিবিন্যাস ও ডিজিটাল নেটওয়ার্কে আনতে একটি কারিগরি প্রকল্প হাতে নেওয়া হয়েছে। প্রকল্পের ব্যয় ধরা হয়েছে ৩১ কোটি ৫৭ লাখ টাকা। বাংলাদেশের খালসমূহ চিহ্নিতকরণ ও শ্রেণিবিন্যাসকরণ এবং জিও ইনফরমেটিক ডাটাবেজ তৈরি„ শীর্ষক এ প্রকল্পের উদ্যোগ নিয়েছে পানিসম্পদ মন্ত্রণালয়। বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড প্রকল্পটি বাস্তবায়ন করবে। সহযোগী সংস্থা হিসেবে কাজ করবে পরিকল্পনা কমিশনের কৃষি, পানিসম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ। প্রকল্পের মেয়াদ ধরা হয়েছে ২০২৬ সালের জানুয়ারি থেকে ২০২৯ সালের জুন পর্যন্ত। মূলত, ২০ হাজার কিলোমিটার খাল খননের জন্য এই মেগা প্রকল্পটি হাতে নেওয়া হচ্ছে। যেখানে প্রকল্পটি প্রস্তুত ও প্রণয়ন তথা খালগুলো চিহ্নিত করতে ব্যয় ধরা হয়েছে ৩১ কোটি টাকা। (জাগো নিউজ ওয়েব পেজ:০৫.০৩.২০২৬ আসাদ)

## ইরানের হামলায় আহত ২ বাংলাদেশিকে দেখতে হাসপাতালে রাষ্ট্রদূত

ইরানের হামলায় আহত হয়ে বাহরাইনের কিং হামাদ হাসপাতালে চিকিৎসাধীন আছেন দুই প্রবাসী বাংলাদেশি। তারা হলেন নাজিমউদ্দিন ও কামরুল ইসলাম। এই আহত দুই প্রবাসীকে দেখতে হাসপাতালে গেছেন দেশটিতে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত রইস হাসান সরোয়ার। বুধবার বাহরাইনের কিং হামাদ হাসপাতালে আহতদের দেখতে যান রাষ্ট্রদূত। বাহরাইনের বাংলাদেশ দূতাবাস জানিয়েছে, বাংলাদেশের রাষ্ট্রদূত রইস হাসান সরোয়ার বাহরাইনের পররাষ্ট্র মন্ত্রণালয় এবং বাহরাইন ডিফেন্স ফোর্সের ঊর্ধ্বতন কর্মকর্তাসহ কিং হামাদ হাসপাতালে ইরানের হামলায় বাহরাইনে আহত প্রবাসী বাংলাদেশি নাজিমউদ্দিন ও কামরুল ইসলামের শারীরিক অবস্থার খোঁজ-খবর নেন। তারা হাসপাতাল কর্তৃপক্ষের চিকিৎসা ব্যবস্থায় সন্তুষ্টি প্রকাশ করেন এবং তাদের দ্রুত সুস্থতা কামনা করেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৫.০৩.২০২৬ আসাদ)

## নতুন গভর্নরের নিয়োগ বাতিল করতে হবে : ইফতেখারুজ্জামান

কেন্দ্রীয় ব্যাংক হিসেবে বাংলাদেশ ব্যাংকের স্বাধীন, নিরপেক্ষ ও বিশেষ করে স্বার্থের সংঘাতমুক্ত ভূমিকা পালন নিশ্চিতের স্বার্থে নবনিযুক্ত গভর্নরের নিয়োগ বাতিল করতে হবে বলে জানিয়েছেন টিআইবির নির্বাহী পরিচালক ড. ইফতেখারুজ্জামান। বৃহস্পতিবার বিএনপি নেতৃত্বাধীন `সরকারের সুশাসন ও দুর্নীতিবিরোধী প্রতিশ্রুতি বাস্তবায়নে সর্বোচ্চ কৌশলগত প্রাধান্য: টিআইবির সুপারিশ, শীর্ষক সংবাদ সম্মেলনে ইফতেখারুজ্জামান এমন দাবি তোলেন। ধানমন্ডিতে টিআইবি কার্যালয়ে এই সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়। গত ২৫ ফেব্রুয়ারি অর্থনীতিবিদ আহসান এইচ মনসুরকে সরিয়ে বাংলাদেশ ব্যাংকের নতুন গভর্নর হিসেবে মোস্তাকুর রহমানকে নিয়োগ দেওয়া হয়েছে। নতুন গভর্নরের ব্যবসায়িক পরিচয়ের সঙ্গে আর্থিক খাতের নিয়ন্ত্রক সংস্থার প্রধান হিসেবে নিয়োগ পাওয়ার বিষয়টি `কনফ্লিক্ট অব ইন্টারেস্ট, বা স্বার্থের দ্বন্দ্ব তৈরি করে কি-না, এমন প্রশ্ন তুলেছেন অনেকেই। ইফতেখারুজ্জামান বলেন, বাংলাদেশ ব্যাংকে গভর্নর নিয়োগের ক্ষেত্রে প্রশ্ন তৈরি হয়েছে। সংশ্লিষ্ট খাতে পরীক্ষিত দক্ষতা ও অভিজ্ঞতা সম্পন্ন এবং সর্বোপরি গভর্নরের দায়িত্বের আওতাভুক্ত সকল বিষয়ে স্বার্থের দ্বন্দ্বের ঊর্ধ্বে ভূমিকা পালনে সক্ষম এমন ব্যক্তিকে নিয়োগ দিতে হবে। (জাগো নিউজ ওয়েব পেজ:০৫.০৩.২০২৬ আসাদ)

## শাহজালালের মাজারে স্লোগান দিয়ে বিতর্কের মুখে নাহিদ-সারজিসরা

সিলেটের আধ্যাত্মিক ও ঐতিহাসিক ঐতিহ্যের অন্যতম কেন্দ্র হযরত শাহজালাল (রহ.)-এর মাজার প্রাঙ্গণে এই প্রথম কোনো রাজনৈতিক দলের প্রকাশ্য স্লোগান দেওয়ার ঘটনা ঘটেছে। বুধবার রাতে জাতীয় নাগরিক পার্টি এনসিপির নেতা-কর্মীরা মাজার এলাকায় মিছিল ও স্লোগান দিলে এ নিয়ে সিলেট জুড়ে তীব্র প্রতিক্রিয়া দেখা দেয়। এ ঘটনায় সামাজিক যোগাযোগ মাধ্যমে অনেকে সমালোচনা করেছেন। দীর্ঘদিন ধরে দেশের বিভিন্ন রাজনৈতিক দলের শীর্ষ

নেতারা সিলেট সফরে এসে প্রথমে হযরত শাহজালাল (রহ.) ও হযরত শাহপরান (রহ.)-এর মাজার জিয়ারত করে থাকেন। সরকার দলীয় মন্ত্রী-এমপি থেকে শুরু করে বিরোধী দলের নেতারাও এ রীতি অনুসরণ করেছেন। তবে এতদিন মাজার প্রাঙ্গণে কোনো রাজনৈতিক স্লোগান বা মিছিলের ঘটনা ঘটেনি বলেই স্থানীয়রা জানিয়েছেন। কিন্তু এবার সেই চর্চার ব্যতিক্রম ঘটেছে। জানা যায়, বুধবার এনসিপির বিভাগীয় ইফতার মাহফিলে অংশ নিতে দলের আহ্বায়ক নাহিদ ইসলাম, মুখ্য সমন্বয়ক নাসীরুদ্দীন পাটওয়ারী ও উত্তরাঞ্চলের মুখ্য সংগঠক সারজিস আলম সিলেট আসেন। দিনে রিকশায় করে নগরীর বিভিন্ন এলাকা ঘুরে বেড়ান তারা। পরে অভিজাত সেন্টারে আয়োজিত ইফতার মাহফিল শেষে রাতে তারা শাহজালাল (রহ.)-এর মাজারে তারাবির নামাজ আদায় করতে যান। এর আগে শাহজালাল (রহ.)-এর মাজারে তারাবির নামাজ আদায় করার বিষয়টি ফেসবুকে জানিয়েছিলেন নাসীরুদ্দীন পাটওয়ারী। খবর পেয়ে নেতা-কর্মীরা মাজার প্রাঙ্গণে জড়ো হন। এক পর্যায়ে নারী ইবাদতখানার ছাদে উঠে সারজিস আলম স্লোগান দেন। উপস্থিত নেতা-কর্মীরা তার সঙ্গে সুর মিলিয়ে ‘দিল্লি না সিলেট, সিলেট সিলেট, এবং ‘আজাদি না গোলামি, আজাদি আজাদি,-সহ বিভিন্ন রাজনৈতিক স্লোগান দেন। এতে মাজার এলাকায় জটলা সৃষ্টি হয়।

(জাগো নিউজ ওয়েব পেজ:০৫.০৩.২০২৬ আসাদ)

## ঈদযাত্রায় অতিরিক্ত ভাড়া নিলে বাসের রুট পারমিট বাতিল : মন্ত্রী

ঈদের সময় কোনো বাস কোম্পানি অতিরিক্ত ভাড়া নিলে তার রুট পারমিট বাতিল করা হবে বলে জানিয়েছেন সড়ক পরিবহণ ও সেতু, রেলপথ এবং নৌ-পরিবহণ মন্ত্রী শেখ রবিউল আলম। বৃহস্পতিবার আসন্ন পবিত্র ঈদুল ফিতর উদ্‌যাপন উপলক্ষ্যে ঈদযাত্রা নিরাপদ ও নির্বিঘ্ন করতে প্রস্তুতি নিয়ে সভা শেষে মন্ত্রী এ কথা জানান। সচিবালয়ে সড়ক পরিবহণ ও মহাসড়ক বিভাগের সভাকক্ষে এ সভা অনুষ্ঠিত হয়। ঈদ আসলেই পরিবহণের ভাড়া বেড়ে যায়, এ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করলে মন্ত্রী বলেন, বাড়তি ভাড়া নেওয়ার কোনো সুযোগ নেই। নির্দিষ্ট ভাড়া নির্ধারণ করা আছে। সেই নির্ধারিত ভাড়ার চেয়ে একটি টাকা বেশি নিলে আমাদেরকে জানান, তার দৃষ্টান্তমূলক শাস্তি হবে। এটার নিয়ন্ত্রণ যে-কোনো মূল্যে করা হবে। কী ধরনের ব্যবস্থা নেবেন- এ বিষয়ে তিনি বলেন, যদি অতিরিক্ত ভাড়া নেয়, তবে রুট পারমিট বাতিল করা হবে। ওই ভাড়া নিতে গিয়ে যদি ফৌজদারি অপরাধ ঘটে থাকে, তাকে শাস্তির আওতায় আসতে হবে। (জাগো নিউজ ওয়েব পেজ:০৫.০৩.২০২৬ আসাদ)

## ডিউটি ফাঁকি দিয়ে ব্যক্তিগত রোগী দেখায় চিকিৎসকের লাইসেন্স স্থগিত

সরকারি ডিউটি ফাঁকি দিয়ে বেসরকারি চেম্বারে রোগী দেখার অভিযোগে এক চিকিৎসকের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হয়েছে বলে জানিয়েছেন স্বাস্থ্যমন্ত্রী সরদার মো. সাখাওয়াত হোসেন। তিনি বলেন, অভিযুক্ত চিকিৎসকের লাইসেন্স ছয় মাসের জন্য স্থগিত করা হয়েছে। পাশাপাশি, তার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থাও শুরু হয়েছে। স্বাস্থ্য খাতে শৃঙ্খলা বজায় রাখা এবং সরকারি দায়িত্ব পালনে অবহেলা বন্ধ করতেই, এ পদক্ষেপ নেওয়া হয়েছে। বৃহস্পতিবার দুপুরে সচিবালয়ে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে সমসাময়িক বিষয় নিয়ে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এ কথা বলেন মন্ত্রী। মন্ত্রী বলেন, জেলা সদর হাসপাতালের জুনিয়র কনসালটেন্ট ডা. রাজেশ মজুমদার সরকারি দায়িত্বে থাকা অবস্থায় গত ২৬ ফেব্রুয়ারি পার্শ্ববর্তী একটি বেসরকারি চেম্বারে রোগী দেখতে যান। এ সময় এক সাংবাদিকের ক্যামেরায় বিষয়টি ধরা পড়ে। পরে সাংবাদিকের প্রশ্নের মুখে সরকারি দায়িত্ব পালন না করে প্রাইভেট প্র্যাকটিস করার বিষয়টি সামনে আসে। ঘটনাটি সরকারের উচ্চপর্যায়ের নজরে আসার পর, দ্রুত ব্যবস্থা নেওয়া হয়। সংশ্লিষ্ট চিকিৎসকের বিরুদ্ধে তিন ধরনের ব্যবস্থা নেওয়া হয়েছে বলে জানান তিনি।

(জাগো নিউজ ওয়েব পেজ:০৫.০৩.২০২৬ আসাদ)

## সাংবাদিক আনিস আলমগীরের হাইকোর্টে জামিন

রাজধানীর উত্তরা পশ্চিম থানায় সন্ত্রাসবিরোধী আইনে দায়ের করা মামলায় সাংবাদিক আনিস আলমগীরের জামিন মঞ্জুর করে আদেশ দিয়েছেন হাইকোর্ট। বৃহস্পতিবার হাইকোর্টের বিচারপতি কে এম জাহিদ সারওয়ার ও বিচারপতি শেখ আবু তাহেরের সমন্বয়ে গঠিত বেঞ্চ এ আদেশ দেন। আদালতে আজ জামিন আবেদনের ওপর শুনানি করেন আইনজীবী আসলাম মিয়া এবং আইনজীবী তামান্না ফেরদৌস। পরে আইনজীবী আসলাম মিয়া আদেশের বিষয়টি জাগো নিউজকে নিশ্চিত করেন। এর আগে গত ২২ জানুয়ারি সাংবাদিক আনিস আলমগীরের জামিন নামঞ্জুর করেন ঢাকা মহানগর দায়রা জজ আদালত। রাজধানীর উত্তরা পশ্চিম থানার সন্ত্রাসবিরোধী আইনের মামলায় গত বছরের ডিসেম্বর থেকে তিনি কারাগারে আছেন। (জাগো নিউজ ওয়েব পেজ:০৫.০৩.২০২৬ আসাদ)

## যথাসময়ে অফিসে না থাকায় তিন কর্মকর্তাকে বদলি

নারায়ণগঞ্জের সিদ্ধিরগঞ্জ ইউনিয়ন ভূমি অফিসে বুধবার সকালে হঠাৎ পরিদর্শনে যান ভূমি প্রতিমন্ত্রী ব্যারিস্টার কায়সার কামাল। নির্দিষ্ট সময়ে অফিসে গিয়ে কোনো কর্মকর্তা-কর্মচারীকে অফিসে না পাওয়ার ঘটনায়, তিন কর্মকর্তাকে বদলি করা হয়েছে। বদলি হওয়া তিন কর্মকর্তা হলেন- সিদ্ধিরগঞ্জ ইউনিয়ন সহকারী ভূমি কর্মকর্তা মো. নাসির উদ্দিন, উপ-

সহকারী ভূমি কর্মকর্তা মো. ওমর ফারুক ও অফিস সহকারী জান্নাতী। এদের মধ্যে নাসির উদ্দিন ও ওমর ফারুককে আড়াই হাজারে ও অফিস সহকারী জান্নাতীকে বন্দর উপজেলায় বদলি করা হয়েছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৫.০৩.২০২৬ আসাদ)

## জিয়াউর রহমান ও খালেদা জিয়ার সমাধিতে পল কাপুরের শ্রদ্ধা

বিএনপির প্রতিষ্ঠাতা, প্রয়াত রাষ্ট্রপতি জিয়াউর রহমান এবং সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার সমাধিতে শ্রদ্ধা নিবেদন করেছেন মার্কিন সহকারী পররাষ্ট্রমন্ত্রী পল কাপুর। বৃহস্পতিবার দুপুর ১টা ৪৫ থেকে ২টা ৫১ মিনিটের মধ্যে রাজধানীর শের-ই-বাংলা নগরের জিয়া উদ্যানে দুই সমাধিতে শ্রদ্ধা নিবেদন করেন তিনি। এসময় বাংলাদেশে নিযুক্ত মার্কিন রাষ্ট্রদূত ব্রেন্ট ক্রিস্টেনসেনও উপস্থিত ছিলেন। দুই দিনের সফরে মঙ্গলবার রাতে ঢাকায় আসেন যুক্তরাষ্ট্রের দক্ষিণ ও মধ্য এশিয়াবিষয়ক সহকারী পররাষ্ট্রমন্ত্রী পল কাপুর। (জাগো নিউজ ওয়েব পেজ:০৫.০৩.২০২৬ আসাদ)

## দুবাইয়ে আটকে পড়া বিমানের ২৭ ক্রুকে ফিরিয়ে আনলো ইউএস-বাংলা

মধ্যপ্রাচ্যের চলমান পরিস্থিতির মধ্যে প্রবাসী বাংলাদেশিদের সঙ্গে বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের ২৭ জন ফ্লাইট ক্রুকে ফিরিয়ে এনেছে ইউএস-বাংলা। বিমানের ফ্লাইট ক্রুরা ২৮ ফেব্রুয়ারি থেকে গত পাঁচদিন সংযুক্ত আরব আমিরাতে আটকে ছিলেন। বৃহস্পতিবার সকালে তারা দেশে ফেরেন। ইউএস-বাংলার মহাব্যবস্থাপক কামরুল ইসলাম এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানান, ওই ক্রুরা একটি অনিশ্চিত পরিস্থিতির মধ্যে দিন কাটাচ্ছিল। তাদের পরিবার-পরিজন চরম উৎকণ্ঠায় সময় পার করছিল। সেই অনিশ্চিত পরিস্থিতি থেকে তাদের ফিরিয়ে আনা হয়েছে। ইউএস-বাংলা এয়ারলাইন্স সহযোগী প্রতিষ্ঠান হিসেবে ক্রুদের ফিরিয়ে এনে তাদের পরিবারের সদস্যদেরও চিন্তামুক্ত করতে পেরেছে। তিনি আরও জানান, একটি সেবাধর্মী প্রতিষ্ঠান হিসেবে দায়িত্ববোধ থেকেই ইউএস-বাংলা এয়ারলাইন্স দুবাই এয়ারপোর্ট অথরিটির অনুমতিক্রমে আটকে পড়া বাংলাদেশিদের ফিরিয়ে আনার জন্য দুটি বিশেষ ফ্লাইট পরিচালনা করছে। এরই মধ্যে আজ একটি ফ্লাইট নিরাপদে ৩৭৮ জন যাত্রী নিয়ে ঢাকার হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণ করেছে। অপর ফ্লাইটটি পরিকল্পনা অনুযায়ী, আগামীকাল শুক্রবার সকালে ঢাকায় অবতরণ করবে। বিশেষ ফ্লাইটগুলো ৪৩৬ আসনের এয়ারবাস ৩৩০-৩০০ এয়ারক্রাফট দিয়ে পরিচালিত হচ্ছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৫.০৩.২০২৬ আসাদ)

## পল কাপুর-বিএনপি বৈঠকে যুক্তরাষ্ট্রের সঙ্গে কূটনৈতিক সম্পর্ক ও ভবিষ্যৎ নীতিমালা নিয়ে আলোচনা

মার্কিন যুক্তরাষ্ট্রের দক্ষিণ ও মধ্য এশিয়াবিষয়ক সহকারী পররাষ্ট্রমন্ত্রী পল কাপুরের সঙ্গে বৈঠক করেছে বিএনপির একটি প্রতিনিধি দল। বৃহস্পতিবার (৫ মার্চ) সকাল ১১টায় রাজধানীর গুলশানে অবস্থিত মার্কিন রাষ্ট্রদূতের বাসভবনে বৈঠকটি অনুষ্ঠিত হয়। বিএনপির মিডিয়া সেলের সদস্য শায়রুল কবির খান বিষয়টি নিশ্চিত করেছেন। বৈঠকে বিএনপির স্থায়ী কমিটির সদস্য ড. আব্দুল মঈন খানের নেতৃত্বে পাঁচ সদস্যের প্রতিনিধি দল অংশ নেয়। প্রতিনিধি দলের অন্য সদস্যরা হলেন- ব্যারিস্টার নওশাদ জমির, ডা. মাহবুবুর রহমান, নায়েবা ইউসুফ এবং ঢাকা জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট নিপুণ রায় চৌধুরী। বৈঠক সকাল ১১টায় শুরু হয়ে শেষ হয় বেলা ১১টা ৫০ মিনিটে। বৈঠকের পর সাংবাদিকদের সঙ্গে আলাপকালে ড. আব্দুল মঈন খান বলেন, যুক্তরাষ্ট্র সবসময় বাংলাদেশের একজন অত্যন্ত শুভাকাঙ্ক্ষী রাষ্ট্র হিসেবে আমাদের সহযোগিতা করেছে। আজকে নতুন সরকার আসার পর স্বাভাবিকভাবেই তারা আমাদের নীতিমালা, ভবিষ্যৎ কর্মপন্থা এবং পারস্পরিক সম্পর্ক- বিশেষ করে যুক্তরাষ্ট্রের সঙ্গে সম্পর্ক নিয়ে আলোচনা করতে এসেছে। গত সরকারের সময়ে মার্কিন যুক্তরাষ্ট্রের সঙ্গে যে চুক্তি সম্পন্ন হয়েছিল, তা নিয়ে আলোচনা হয়েছে কি না জানতে চাইলে তিনি জানান, এ বিষয়টি তারা সরকারের সঙ্গে আলোচনা করেছে, কী আলোচনা হয়েছে, সেটা হয়ত সরকার আপনাদের জানিয়েছে এবং তারা আপনাদের জানাবে। আজকে আমাদের আলোচনার বিষয় ছিল মূলত দুই দেশের জনগণের মধ্যে পারস্পরিক সম্পর্ক এবং ভবিষ্যৎ সরকারের নীতিমালা।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৫.০৩.২০২৬ আসাদ)

## প্রধানমন্ত্রীর বিদেশে যাওয়া-আসার সময় বিমানবন্দরে থাকবেন মাত্র ৪ জন

সরকারি ও রাষ্ট্রীয় সফরে প্রধানমন্ত্রীর বিদেশযাত্রা এবং দেশে ফেরার সময় প্রোটোকল হিসেবে বিমানবন্দরে কোন কোন কর্মকর্তাকে উপস্থিত থাকতে হবে, তা জানিয়েছে মন্ত্রিপরিষদ বিভাগ। প্রধানমন্ত্রীর বিদেশযাত্রা এবং স্বদেশে প্রত্যাবর্তনকালে অনুসরণীয় রাষ্ট্রাচার নিয়ে বৃহস্পতিবার সংশ্লিষ্টদের কাছে চিঠি পাঠিয়েছে মন্ত্রিপরিষদ বিভাগ। চিঠি অনুযায়ী, প্রধানমন্ত্রীর বিদেশ যাত্রা এবং দেশে ফেরার সময় মাত্র চারজন কর্মকর্তাকে বিমানবন্দরে থাকতে হবে। আগে এই সংখ্যা ছিল কয়েকগুণ বেশি। মন্ত্রিপরিষদ বিভাগের চিঠিতে বলা হয়েছে, সরকার এই মর্মে সিদ্ধান্ত গ্রহণ করেছে যে, সরকারের প্রধানমন্ত্রীর সরকারি ও রাষ্ট্রীয় সফরে বিদেশযাত্রা এবং স্বদেশে প্রত্যাবর্তনকালে বিমানবন্দরে মন্ত্রিসভার জ্যেষ্ঠতম একজন মন্ত্রী, জাতীয় সংসদের চিফ হুইপ এবং মন্ত্রিপরিষদ সচিব ও প্রধানমন্ত্রীর মুখ্য সচিব উপস্থিত থাকবেন। (জাগো নিউজ ওয়েব পেজ:০৫.০৩.২০২৬ আসাদ)

## পূবালী ব্যাংকের লকার থেকে ২০০ ভরি সোনা গায়েব, তদন্তে পিবিআই-পুলিশ

বাগেরহাটে পূবালী ব্যাংকের একটি শাখার লকার থেকে এক গ্রাহকের প্রায় ২০০ ভরি স্বর্ণালংকার খোয়া যাওয়ার অভিযোগ উঠেছে। এই ঘটনায় বৃহস্পতিবার (৫ মার্চ) দুপুরে জেলার পুলিশ সুপার মোহাম্মাদ হাসান চৌধুরী ও পিবিআই পুলিশ সুপার মো. আল মামুনসহ আইন-শৃঙ্খলা বাহিনীর ঊর্ধ্বতন কর্মকর্তারা ঘটনাস্থল পরিদর্শন করেছেন। এর আগে, বুধবার (০৪ মার্চ) সুমন দাস নামের ওই গ্রাহক ব্যাংকের লকারে মজুত রাখা স্বর্ণ খোয়া যাওয়ার অভিযোগ করেন। গ্রাহকের অভিযোগে জানা যায়, গত বছরের ১৫ অক্টোবর তিনি পূবালী ব্যাংক বাগেরহাট শাখার লকারে নিজের এবং আত্মীয়-স্বজনের আনুমানিক ২০০ ভরি স্বর্ণালংকার জমা রাখেন। বুধবার (৪ মার্চ) একটি পারিবারিক অনুষ্ঠানের জন্য লকার থেকে স্বর্ণ নিতে গিয়ে তিনি দেখেন, সেখানে গচ্ছিত কোনো অলংকার নেই। বিষয়টি তাৎক্ষণিকভাবে ব্যাংক কর্তৃপক্ষ ও পুলিশকে জানালে চাঞ্চল্যের সৃষ্টি হয়। গ্রাহক সুমন দাস বলেন, আত্মীয়-স্বজনসহ আমাদের সবার স্বর্ণালংকার ছিল। খুবই সংকটে পড়ে গেলাম আমরা। কীভাবে স্বর্ণালংকার খোয়া গেল, সে বিষয়টি খতিয়ে দেখার দাবি জানান তিনি। ব্যাংকের সহকারী মহাব্যবস্থাপক (এজিএম) মো. মনিরুল আমিন বলেন, গ্রাহকের অভিযোগের ভিত্তিতে পুলিশ প্রশাসনকে জানানো হয়েছে। তদন্ত শেষে প্রকৃত ঘটনা বেরিয়ে আসবে।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৫.০৩.২০২৬ রিহাব)

## রাজধানীতে বিশেষ অভিযানে গ্রেফতার ৪৯

রাজধানীর যাত্রাবাড়ী ও হাজারীবাগ থানার বিভিন্ন এলাকায় বিশেষ অভিযান পরিচালনা করে অপরাধে জড়িত ৪৯ জনকে গ্রেফতার করেছে পুলিশ। বৃহস্পতিবার (৫ মার্চ) ঢাকা মেট্রোপলিটন পুলিশের (ডিএমপি) মিডিয়া অ্যান্ড পাবলিক রিলেশন্স বিভাগ উপ-পুলিশ কমিশনার মুহাম্মদ তালেবুর রহমান এ তথ্য নিশ্চিত করেন। যাত্রাবাড়ী থানার বরাত দিয়ে তালেবুর রহমান বলেন, গতকাল বুধবার (৪ মার্চ) বিশেষ অভিযান পরিচালনা করে থানা এলাকার বিভিন্ন স্থান থেকে ২২ জনকে গ্রেফতার করা হয়। তিনি বলেন, হাজারীবাগ থানা একই দিন অভিযান পরিচালনা করে পেশাদার মাদক কারবারিসহ বিভিন্ন অপরাধে জড়িত ২৭ জনকে গ্রেফতার করেছে। গ্রেফতারদের মধ্যে নিয়মিত মামলার আসামি, পরোয়ানাভুক্ত আসামি ও বিভিন্ন অপরাধে জড়িত অপরাধীরা রয়েছে। গ্রেফতারদের আদালতে পাঠানো হয়েছে বলেও জানান তিনি। (জাগো নিউজ ওয়েব পেজ:০৫.০৩.২০২৬ রিহাব)

## রোহিঙ্গা পরিবার পাচ্ছে নতুন চুলা, ঘর মেরামত করে দিচ্ছে জাপান

কক্সবাজারে রোহিঙ্গা শরণার্থীদের জন্য ২৬ লাখ মার্কিন ডলারের সহায়তা চুক্তি সই করেছে জাপান ও জাতিসংঘের শরণার্থী সংস্থা (ইউএনএইচসিআর)। বৃহস্পতিবার ইউএনএইচসিআর এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানিয়েছে, জাপান সরকার আজ বাংলাদেশে অবস্থানরত রোহিঙ্গা শরণার্থীদের প্রতি তাদের প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করেছেন এবং আশ্রয় নির্মাণ সামগ্রী, প্রাথমিক স্বাস্থ্যসেবা ও পরিচ্ছন্ন রান্নার চুলা সরবরাহের জন্য ২৬ লাখ মার্কিন ডলার সহায়তার ঘোষণা দিয়েছে। বাংলাদেশে জাপানের রাষ্ট্রদূত সাইদা শিনইচি এবং বাংলাদেশে ইউএনএইচসিআর-এর রিপ্রেজেন্টেটিভ ইভো ফ্রেইসেনের মধ্যে চুক্তি সই হয়েছে। জাপানের উদার সহায়তায় ইউএনএইচসিআর বিশ্বের অন্যতম ঘনবসতিপূর্ণ শরণার্থী শিবিরে জরুরি সেবা কার্যক্রম অব্যাহত রাখতে পারছে, যেখানে ১১ লাখ ৮০ হাজারেরও বেশি রাষ্ট্রহীন রোহিঙ্গা অনিশ্চয়তার মধ্যে বসবাস করছে। মিয়ানমারে লক্ষ্যভিত্তিক নিপীড়ন ও সংঘাতের কারণে বাস্তুচ্যুত হওয়ার নয় বছর পরও রোহিঙ্গা পরিবারগুলো নিরাপত্তা, সুরক্ষা ও টিকে থাকার জন্য ব্যাপকভাবে মানবিক সহায়তার ওপর নির্ভরশীল।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৫.০৩.২০২৬ রিহাব)

## জুলাই অভ্যুত্থানের সময় লুট হওয়া অস্ত্র উদ্ধারে রুল

জুলাই অভ্যুত্থানের সময় লুট হওয়া বিপুল পরিমাণ অস্ত্র উদ্ধার কেন করা হবে না, তা জানতে চেয়ে রুল জারি করেছেন হাইকোর্ট। বৃহস্পতিবার (৫ মার্চ) হাইকোর্টের বিচারপতি রাজিক আল জলিল ও বিচারপতি মো. আনোয়ারুল ইসলামের সমন্বিত বেঞ্চ এ রুল জারি করেন। আদেশের বিষয়টি জাগো নিউজকে নিশ্চিত করেন রিটকারী আইনজীবী মো. মাহমুদুল হাসান। ২০২৪ সালের গণ-অভ্যুত্থানের সময় লুণ্ঠিত বিপুল পরিমাণ অস্ত্র উদ্ধারের জন্য জনস্বার্থে হাইকোর্টে একটি রিট পিটিশন দায়ের করেছিলেন সুপ্রিম কোর্টের আইনজীবী মো. মাহমুদুল হাসান। রিটে মন্ত্রিপরিষদ সচিব, স্বরাষ্ট্র সচিব, আইন, বিচার ও সংসদবিষয়ক মন্ত্রণালয়ের সচিব, নির্বাচন কমিশন সচিব, পুলিশ মহাপরিদর্শক (আইজিপি) এবং র‍্যাব মহাপরিচালককে বিবাদী করা হয়েছে। রিট পিটিশনে উল্লেখ করা হয়, বিভিন্ন গণমাধ্যমের তথ্যানুযায়ী, ২০২৪ সালের গণ-অভ্যুত্থানের সময় দেশের বিভিন্ন থানা ও আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর কার্যালয় থেকে ৫ হাজার ৭৫০টি আগ্নেয়াস্ত্র এবং ৬ লাখ ৫১ হাজার ৬০৯ রাউন্ড গোলাবারুদ লুট হয়ে যায়। অত্যন্ত উদ্‌বেগের বিষয় হলো, সরকার এসব অস্ত্র উদ্ধারে পুরস্কার ঘোষণা করা সত্ত্বেও, এর একটি উল্লেখযোগ্য অংশ এখনো উদ্ধার করা সম্ভব হয়নি। (জাগো নিউজ ওয়েব পেজ:০৫.০৩.২০২৬ রিহাব)

## খাদ্যে বিষক্রিয়ায় ইরাকে ৩ বাংলাদেশির মৃত্যু

খাদ্যে বিষক্রিয়ায় ইরাকে ৩ বাংলাদেশি নাগরিক মারা গেছেন। তাদের মধ্যে দুইজন ব্রাহ্মণবাড়িয়া ও ফেনীর এক বাসিন্দা রয়েছে বলে জানা গেছে। বৃহস্পতিবার (৫ মার্চ) বাংলাদেশ দূতাবাস বাগদাদ এ তথ্য জানিয়েছে। দূতাবাসের শোক বার্তায় জানানো হয়েছে, ইরাকের স্বায়ত্তশাসিত কুর্দিস্তানের আরবিলে প্রাথমিক অনুসন্ধান মতে খাদ্যে বিষক্রিয়ায় তিন বাংলাদেশি মৃত্যুবরণ করেছেন। তারা হলেন- মোহাম্মদ তারেক, ব্রাহ্মণবাড়িয়া; মো. সাব্বির, ব্রাহ্মণবাড়িয়া; মেহেদী হাসান, ফেনী। তাদের মৃত্যুতে বাংলাদেশ দূতাবাস, ইরাক শোকপ্রকাশ করেছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৫.০৩.২০২৬ রিহাব)

## এলপি গ্যাসে ভ্যাট কমানোর সুফল নেই, বিক্রি বাড়তি দামেই

তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাসের (এলপিজি) ওপর থেকে ভ্যাট কমানো হলেও, সাধারণ ক্রেতারা এর সুফল পাচ্ছেন না। দেশের বিভিন্ন এলাকায়, বিশেষ করে রাজধানীতে এখনো বেশি দামে সিলিন্ডার বিক্রি হচ্ছে। এতে ভোগান্তিতে পড়েছেন নগরবাসী। ক্রেতাদের অভিযোগ, সরকারিভাবে **১২** কেজি এলপি গ্যাস সিলিন্ডারের মূল্য **১** হাজার **৩৪১** টাকা নির্ধারণ করা হলেও, সেই দাম মানা হচ্ছে না। অনেক দোকানেই ৪০০ থেকে ৫০০ টাকা বেশি নেওয়া হচ্ছে। দোকানিরা পরিবহণ খরচ বা সরবরাহে সংকটের অজুহাত দেখিয়ে অতিরিক্ত টাকা নিচ্ছেন। এতে মাসের খরচ বেড়ে যাচ্ছে। কারণ অনেকের বাসায়ই লাইনের গ্যাস নেই কিংবা থাকলেও নিয়মিত পাওয়া যায় না। ফলে বাধ্য হয়ে সিলিন্ডার ব্যবহার করতে হয়। (জাগো নিউজ ওয়েব পেজ:০৫.০৩.২০২৬ রিহাব)

## বন্ধ বাফার গোডাউনের লোড-আনলোড, অপেক্ষায় সার বোঝাই অর্ধশত ট্রাক

ঝিনাইদহের কালীগঞ্জে ঠিকাদারের প্রতিনিধির খামখেয়ালিপনায় জিম্মিদশায় আটকে আছে সরকারি সারবাহী অর্ধশত ট্রাক। বাংলাদেশ রাসায়নিক শিল্প করপোরেশনের (বিসিআইসি) ঝিনাইদহের কালীগঞ্জে বাফার গোডাউনে এমন চিত্র দেখা গেছে। সার বোঝাই ট্রাকের লাইন জমেছে বাফার গোডাউনের ভেতরে। অভিযোগ উঠেছে, সার লোড-আনলোড খরচ বৃদ্ধি ও ডিলারদের কাছ থেকে ট্রাকপ্রতি অতিরিক্ত টাকা আদায় করতে শ্রমিকদের কাজে নামতে দেওয়া হচ্ছে না। বৃহস্পতিবার (৫ মার্চ) সরেজমিনে কালীগঞ্জ শহরতলির বিসিআইসি বাফার গোডাউনে অর্ধশতাধিক সার বোঝাই ট্রাক দেখা গেছে। বিসিআইসি ডিলাররা অভিযোগ করে জানান, সপ্তাহখানেক আগেও সার নিয়ে বাফার গোডাউনে আসার সঙ্গে সঙ্গে লোড-আনলোড করা যেত। এমনকি যে-সব ডিলার ডিপো থেকে বাফার গোডাউনে আনা সার একই ট্রাকে করে বাফার গোডাউন থেকে নিজ গোডাউনে নিতেন, তারা বাফার গোডাউন থেকে একটি ছাড়পত্র নিতেন। লোড আনলোড চার্জ দিয়ে ডিলাররা ডিসচার্জ পত্র সংগ্রহ করতেন। (জাগো নিউজ ওয়েব পেজ:০৫.০৩.২০২৬ রিহাব)

## এক বছরে ধর্ষণ বেড়েছে ৫২ শতাংশ, জানুয়ারিতেই সহিংসতার শিকার ২৭২ নারী

দেশে জেন্ডারভিত্তিক সহিংসতার ঘটনা উদ্বেগজনক হারে বাড়ছে। ২০২৪ সালের তুলনায় ২০২৫ সালে ধর্ষণের ঘটনা বেড়েছে ৫২ দশমিক ৩ শতাংশ। এছাড়া ২০২৬ সালের জানুয়ারিতেই অন্তত ২৭২ জন নারী ও কন্যাশিশু সহিংসতার শিকার হয়েছেন, যাদের মধ্যে ৭০ জন ধর্ষণের শিকার। আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষ্যে বৃহস্পতিবার (৫ মার্চ) রাজধানীর এক হোটেলে আয়োজিত বিশেষ সংলাপ ও সম্মাননা অনুষ্ঠানে এসব তথ্য তুলে ধরা হয়। অ্যাকশন এইড বাংলাদেশের উইমেন রাইটস অ্যান্ড জেন্ডার ইক্যুইটি টিম লিড মরিয়ম নেসা এসব তথ্য তুলে ধরেন। বিভিন্ন গবেষণা ও জরিপের তথ্য উপস্থাপন করে তিনি জানান, দেশের ৩৯ শতাংশ বিশ্ববিদ্যালয়ে এখনো যৌন হয়রানি প্রতিরোধ কমিটি গঠিত হয়নি, যা প্রাতিষ্ঠানিক ব্যর্থতার উদাহরণ। (জাগো নিউজ ওয়েব পেজ:০৫.০৩.২০২৬ রিহাব)

## লালমনিরহাটে জ্বালানি তেল মজুতের হিড়িক

মধ্যপ্রাচ্যে, ইসরায়েল-আমেরিকা ও ইরানের মধ্যে যুদ্ধ পরিস্থিতির অবনতি এবং বিশ্ব বাণিজ্যের অন্যতম রুট `হরমুজ প্রণালি, বন্ধ হয়ে যাওয়ার খবরে লালমনিরহাটে জ্বালানি তেলের বাজারে ব্যাপক অস্থিরতা দেখা দিয়েছে। বৈশ্বিক সংকটের জেরে দেশে তেলের দাম বাড়তে পারে- এমন আতঙ্কে স্থানীয় বাজারে ডিজেল, পেট্রোল ও অকটেন মজুতের হিড়িক পড়েছে। এতে সাধারণ ভোক্তা ও কৃষকদের মধ্যে চরম আতঙ্ক বিরাজ করছে। সরেজমিনে লালমনিরহাট সদর ও আদিতমারী উপজেলার বিভিন্ন ফিলিং স্টেশন ঘুরে দেখা গেছে, সকাল থেকেই মোটরসাইকেল ও ট্রাক্টরের দীর্ঘ সারি। অনেকে ড্রাম ভরে তেল সংগ্রহ করছেন। এ সুযোগ কাজে লাগিয়ে কিছু অসাধু ব্যবসায়ী ও মজুতদার তেলের কৃত্রিম সংকট তৈরি করে বাড়তি দাম হাতিয়ে নিচ্ছেন বলে অভিযোগ তুলেছেন সাধারণ ক্রেতারা।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৫.০৩.২০২৬ রিহাব)

## যানজট নিরসনে ঢাকা-চট্টগ্রাম মহাসড়কে অবৈধ স্থাপনা উচ্ছেদ

ঢাকা-চট্টগ্রাম মহাসড়কের নারায়ণগঞ্জের সোনারগাঁ অংশে গড়ে ওঠা প্রায় তিন শতাধিক অবৈধ স্থাপনা উচ্ছেদ করা হয়েছে। বৃহস্পতিবার (৫ মার্চ) উপজেলার মোগরাপাড়া চৌরাস্তা এলাকায় দিনব্যাপী মহাসড়কের দুইপাশে উচ্ছেদ অভিযান পরিচালনা করা হয়। অভিযানে নেতৃত্ব দেন উপজেলা নির্বাহী কর্মকর্তা আসিফ আল জিনাত। উচ্ছেদ হওয়া

অবৈধ স্থাপনাগুলোর মধ্যে কাঁচাবাজার, ফলের দোকান, মিষ্টির দোকান, কাপড়ের দোকান, চায়ের দোকান, জুতার দোকান ও কনফেকশনারি দোকানসহ বিভিন্ন ধরনের ব্যবসা প্রতিষ্ঠান ছিল। স্থানীয়দের ভাষ্য, দীর্ঘদিন ধরে মহাসড়কের দুই পাশে অবৈধ স্থাপনা গড়ে ওঠায় প্রতিদিনই তীব্র যানজটের সৃষ্টি হতো। এতে যানবাহন চলাচলে বিঘ্ন ঘটত, মহাসড়ক সংকুচিত হয়ে পড়ে। আগে বেশ কয়েকবার উচ্ছেদ অভিযান পরিচালিত হলেও, পুনরায় দোকান বসানো হয়েছে। এটির স্থায়ী সমাধান হওয়া প্রয়োজন। (জাগো নিউজ ওয়েব পেজ:০৫.০৩.২০২৬ রিহাব)

## ভোটে নারী প্রার্থী ৩.৯৩ শতাংশে নেমে আসা গণতন্ত্রের জন্য সতর্কবার্তা

দেশের রাজনীতিতে নারীর অংশগ্রহণ কেবল একটি সংখ্যা নয়, এটি গণতান্ত্রিক অধিকার। অথচ, সর্বশেষ ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে নারী প্রার্থীর হার মাত্র ৩ দশমিক ৯৩ শতাংশে নেমে আসা গণতান্ত্রিক অগ্রযাত্রার জন্য এক সতর্কবার্তা। নির্বাচনি ব্যবস্থায় কাঠামোগত বাধা, ক্রমবর্ধমান লিঙ্গভিত্তিক সহিংসতা ও সাইবার বুলিং নারীর রাজনৈতিক নেতৃত্বকে রুদ্ধ করছে। আন্তর্জাতিক নারী দিবস-২০২৬ উপলক্ষ্যে বৃহস্পতিবার (৫ মার্চ) রাজধানীর একটি হোটেলে আয়োজিত বিশেষ সংলাপ ও সম্মাননা অনুষ্ঠানে বক্তারা এসব উদ্বেগ প্রকাশ করেন। এসময় নারীর ক্ষমতায়ন নিশ্চিত করতে কেবল সুযোগ নয়, তাদের নিরাপত্তা, সামাজিক মর্যাদা ও রাজনীতির মাঠে লেভেল প্লেয়িং ফিল্ড তৈরিতে রাষ্ট্রীয় বিনিয়োগ বাড়ানোর জোরালো দাবি জানানো হয় দেশের নীতিনির্ধারক ও রাজনৈতিক দলগুলোর প্রতি। বক্তারা বলেন, গণপ্রতিনিধিত্ব আদেশ (আরপিও) অনুযায়ী রাজনৈতিক দলের সব স্তরে ৩৩ শতাংশ নারী প্রতিনিধিত্ব নিশ্চিত করা এখন কেবল আইনি বাধ্যবাধকতা নয়, বরং একটি গণতান্ত্রিক অপরিহার্যতা।

(জাগো নিউজ ওয়েব পেজ:০৫.০৩.২০২৬ রিহাব)

## খামেনির মৃত্যুতে মামুনুল হকের সমবেদনা, দূতাবাসের শোক বইয়ে সই

ইরানের সর্বোচ্চ নেতা আয়াতুল্লাহ আলী খামেনির মৃত্যুতে গভীর শোক ও সমবেদনা জানিয়ে দূতাবাসে সংরক্ষিত শোক বইতে সই করেছেন বাংলাদেশ খেলাফত মজলিশের আমির আল্লামা মামুনুল হক। বৃহস্পতিবার (৫ মার্চ) ইরান দূতাবাসে গিয়ে তিনি এ সই করেন। এ সময় বাংলাদেশে নিযুক্ত ইরানের রাষ্ট্রদূত জালিল রাহিমি জাহান আবাদি উপস্থিত ছিলেন। শোক প্রকাশের পর উভয়পক্ষ দোয়ায় অংশ নেন। সংক্ষিপ্ত সাক্ষাতে আল্লামা মামুনুল হক মুসলিম উম্মাহর শান্তি, স্থিতিশীলতা ও ঐক্য কামনা করেন। তিনি আশা প্রকাশ করেন যে, ইরান বর্তমান পরিস্থিতি অতিক্রম করে দ্রুত স্থিতিশীলতা অর্জন করবে এবং দেশটির সার্বিক উন্নয়ন অব্যাহত থাকবে।

(জাগো নিউজ ওয়েব পেজ:০৫.০৩.২০২৬ রিহাব)

## বিচারহীনতার সংস্কৃতি বন্ধ না হলে এমন ঘটনা ঘটতেই থাকবে : আমির হামজা

ইসলামী বিশ্ববিদ্যালয়ের (ইবি) সমাজ কল্যাণ বিভাগের সভাপতি ও সহকারী অধ্যাপক আসমা সাদিয়া রুনা হত্যাকাণ্ডের তীব্র নিন্দা জানিয়েছেন কুষ্টিয়া-৩ আসনের সংসদ সদস্য মুফতি আমির হামজা। একইসঙ্গে তিনি দেশে চলমান বিচারহীনতার সংস্কৃতি বন্ধের আহ্বানও জানান। বৃহস্পতিবার (৫ মার্চ) বাদ জোহর কুষ্টিয়া কেন্দ্রীয় ঈদগাহ ময়দানে নিহত শিক্ষিকার জানাজা শেষে তিনি এ আহ্বানও করেন। মুফতি আমির হামজা বলেন, আসমা ম্যাম আমার সরাসরি শিক্ষক না হলেও, বিশ্ববিদ্যালয়ের শিক্ষক হিসেবে আমি তাকে শিক্ষক মনে করি। তার এই নৃশংস হত্যাকাণ্ডে আমরা শোকাহত ও নিস্তব্ধ। সরকারের কাছে আমার জোরালো আহ্বান, আগামীতে দেশে বিচারহীনতার সংস্কৃতি বন্ধ করতে হবে। নয়তো আজ বিশ্ববিদ্যালয়ে যা হয়েছে, কাল তা সরকারি কলেজে হবে। তিনি আরও যোগ করেন, অপরাধীদের শতভাগ শাস্তির আওতায় নিয়ে আসতে হবে। রাষ্ট্রের প্রচলিত নিয়ম-নীতি কঠোরভাবে কার্যকর করুন। দ্রুততম সময়ের মধ্যে শাস্তি নিশ্চিত করতে না পারলে এমন ন্যক্কারজনক ঘটনা আমাদের আবারও দেখতে হবে।

(জাগো নিউজ ওয়েব পেজ:০৫.০৩.২০২৬ রিহাব)

## টয়োটা বাংলাদেশের এমডিসহ তিন কর্মকর্তার জামিন

প্রতারণা ও বিশ্বাস ভঙ্গের অভিযোগে করা মামলায় টয়োটা বাংলাদেশের ব্যবস্থাপনা পরিচালকসহ (এমডি) তিন কর্মকর্তা আদালতে আত্মসমর্পণের পর জামিন পেয়েছেন। বৃহস্পতিবার (৫ মার্চ) ঢাকার অতিরিক্ত চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট জশিতা ইসলামের আদালতে আত্মসমর্পণ করে জামিন আবেদন করেন তারা। শুনানি শেষে বিচারক প্রত্যেককে এক হাজার টাকা মুচলেকায় জামিন মঞ্জুর করেন। একইসঙ্গে মামলাটি বিচারের জন্য বদলির আদেশ দেন আদালত। সংশ্লিষ্ট আদালতের বেঞ্চ সহকারী আশুতোষ ভৌমিক বিষয়টি নিশ্চিত করেছেন। জামিনপ্রাপ্তরা হলেন টয়োটা বাংলাদেশের এমডি মালয়েশিয়ার নাগরিক প্রেমিত সিং, টয়োটা সুশো করপোরেশনের এশিয়া প্যাসিফিকের ভাইস প্রেসিডেন্ট জাপানি নাগরিক আকিও ওগাওয়া ও টয়োটা সুশো করপোরেশনের জেনারেল ম্যানেজার আসিফ রহমান।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৫.০৩.২০২৬ রিহাব)

## শীতলক্ষ্যা তীরের ২০ কারখানার বিদ্যুৎ-গ্যাস সংযোগ বিচ্ছিন্নের নির্দেশ

নারায়ণগঞ্জের শীতলক্ষ্যা নদীর তীরবর্তী এলাকায় বর্জ্য পরিশোধনাগার (ইটিপি) ছাড়া পরিচালিত ২০টি শিল্পকারখানার বিদ্যুৎ ও গ্যাস সংযোগ বিচ্ছিন্ন করার নির্দেশ দিয়েছেন হাইকোর্ট। এ নির্দেশনা বাস্তবায়নের জন্য বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহণ কর্তৃপক্ষের (বিআইডব্লিউটিএ) চেয়ারম্যান, পরিবেশ অধিদপ্তরের মহাপরিচালক এবং নারায়ণগঞ্জের জেলা প্রশাসককে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে বলা হয়েছে। পাশাপাশি, আগামী ৩০ এপ্রিল আদালতে অগ্রগতি প্রতিবেদন দাখিল করতে বলা হয়েছে। এ সংক্রান্ত বিষয়ে দায়ের করা রিট আবেদনের শুনানি নিয়ে বৃহস্পতিবার (৫ মার্চ) হাইকোর্টের বিচারপতি ফাহমিদা কাদের এবং বিচারপতি মো. আসিফ হাসানের সমন্বয়ে গঠিত বেঞ্চ এ আদেশ দেন। রিটের পক্ষে শুনানি করেন আইনজীবী মনজিল মোরসেদ। শুনানিতে পরিবেশ অধিদপ্তরের পক্ষে ছিলেন আইনজীবী মুনতাসির উদ্দিন আহাম্মেদ, রাষ্ট্রপক্ষে ছিলেন ডেপুটি অ্যাটর্নি জেনারেল মুহাম্মদ শফিকুর রহমান। জানা গেছে, শীতলক্ষ্যা নদী তীরবর্তী এলাকায় ইটিপি ছাড়া বিভিন্ন শিল্পকারখানা পরিচালিত হওয়ায়, নদীর পানি দূষিত হচ্ছে। এ সংক্রান্ত প্রতিবেদন সংযুক্ত করে জনস্বার্থে রিট দায়ের করে হিউম্যান রাইটস অ্যান্ড পিস ফর বাংলাদেশ।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৫.০৩.২০২৬ রিহাব)

# BBC

**EUROPEAN LEADERS PRESENT UNITED FRONT ON IRAN, EVENTUALLY**

Six days into the war and more EU leaders have come forward with promises of defence aid to Cyprus and allies in the Gulf. Two days ago, Greece, the UK and France said they were sending ships and air defences to Cyprus after drones were fired at the RAF base at Akrotiri on the island. Now they've been joined by Italy and Spain - and the Netherlands is considering aid too. Albeit rather slowly, a united front has begun to emerge among key NATO allies in Europe. There was an initial reluctance to get involved in Italy and especially Spain, which has refused to allow the US to use shared airbases at Moron and Rota to attack Iran. Spain's defence minister said the frigate Cristobal Colon was joining its allies to show "commitment to the defence of the European Union and its eastern border".
(BBC News Web Page: 05/03/26, FARUK)

**BALLISTIC MISSILE AND SIX DRONES HIT UAE: DEFENCE MINISTRY**

The UAE's defence ministry says it has intercepted and destroyed six ballistic missiles and 131 drones on Thursday - but adds a missile and six drones fell inside the country. It says that 196 ballistic missiles have been detected since "the start of the blatant Iranian aggression" on Saturday, adding eight cruise missiles have also been detected and destroyed. Three people have been killed, all of whom are foreign nationals from Pakistan, Nepal and Bangladesh, the ministry says, adding that 94 people have been injured since the attacks began. (BBC News Web Page: 05/03/26, FARUK)

**IRAN FOREIGN MINISTRY CLAIMS US AND ISRAEL 'TARGET CIVILIAN AREAS'**

Iran's foreign ministry is accusing the US and Israel of deliberately targeting civilian areas with their strikes. In a post on X, spokesperson Esmaeil Baghaei said the strikes "reverberate through global markets, driving up energy prices, destabilizing currencies, and eroding the purchasing power of ordinary people around the world". He added: "Yet for us Iranians , the cost is immeasurably higher: our people are being brutally slaughtered as the aggressors deliberately target civilian areas and any location they believe will inflict the maximum possible suffering and loss of life." White House Press Secretary Karolina Leavitt said yesterday: "The United States armed forces do not target civilians." Israel has said it is targeting military assets with "precision" to protect civilians, and accuses Iran of targeting civilians. (BBC News Web Page: 05/03/26, FARUK)

**IRAN SAYS US TANKER ON FIRE IN GULF**

Iranian state television says its naval fighters have hit a US tanker this morning in the northern Gulf. The ship was "hit by a missile in the north of the Persian Gulf" and is "currently on fire", the Islamic Revolutionary Guard Corps (IRGC) said in a statement read on state television. The IRGC said the group had "full control" over the Straits of Hormuz, which runs in between the Gulf to the Indian Ocean. The incident has not been independently confirmed. The UK Maritime Trade Organization (MTO) earlier said a tanker was struck off the coast of Kuwait this morning, in the northern Gulf. It says: "The master of a tanker at anchor, reports witnessing and hearing a large explosion on the port side then seeing a small craft leave the vicinity. (BBC News Web Page: 05/03/26, FARUK)

**IDF TELLS RESIDENTS IN BEIRUT'S SOUTHERN SUBURBS TO EVACUATE IMMEDIATELY**

The IDF has issued an urgent alert to residents of the southern suburbs of Beirut, Lebanon, telling them to evacuate their homes immediately, its Arabic-language spokesperson says. "Attention, you are prohibited from heading south. Any southward movement could endanger your lives," says Avichay Adraee. (BBC News Web Page: 05/03/26, FARUK)

**IRAN LAUNCHES FRESH WAVE OF MISSILES TOWARDS ISRAEL**

The Israel Defence Forces (IDF) says this morning that the country's defensive systems are in operation after it identified a new wave of missiles "launched from Iran". In a statement on its Telegram channel, the IDF says it's working to "intercept the threat", as it urges the public to follow security directives. "The public is asked to act responsibly and follow the instructions - they save lives," the IDF says. (BBC News Web Page: 05/03/26, FARUK)

**CYPRIOTS 'DISAPPOINTED' WITH UK RESPONSE TO DRONE ATTACKS**

Cyprus has criticized the UK's response to drone attacks against RAF Akrotiri. The Cypriot High Commissioner to the UK Kyriacos Kouros told BBC Newsnight that Cypriots are "disappointed" with the UK government's response. Asked by the programme whether people in Cyprus felt protected by the UK, Kouros said: "Let's say the people are disappointed, the people are scared, the people could expect more." Defence Secretary John Healey is due to visit the island later on Thursday. The UK has announced that British warship HMS Dragon will be deployed to Cyprus, although it is not due to sail until next week. The RAF base on Akrotiri is part of a British Overseas Territory.
(BBC News Web Page: 05/03/26, FARUK)

**IRANIAN DRONES HIT AZERBAIJAN: GOVERNMENT**

Two civilians have been injured by an Iranian drone attack in Azerbaijan, the Azerbaijan foreign ministry says. "One drone strike the terminal building of the airport in the Nakhchivan Autonomous Republic, while another drone fell near a school building in the village of Shakarabad," the ministry says. The drone attack damaged an airport building and injured two civilians. The Iranian ambassador to Azerbaijan has now been summoned, says the ministry, where "a strong protest will be conveyed to the Iranian side, and a corresponding note of protest will be presented". (BBC News Web Page: 05/03/26, FARUK)

**IRAN TARGETS HEADQUARTERS OF IRANIAN KURDISH FORCES IN IRAQ**

Iran's military has said it has targeted the headquarters of Iranian Kurdish forces in northern Iraq, stepping up strikes on Kurdish regions in both Iran and Iraq. In a statement quoted by Iran's state media, the military said it attacked "Kurdish groups opposed to the revolution in Iraqi Kurdistan with three missiles". Tehran is intensifying its attacks on Iranian Kurdish groups in Iraq amid speculation that US President Donald Trump wants them to join the fight against Iran, as US and Israeli strikes continue. One person was killed and three injured in Iranian strikes on Tuesday and Wednesday on bases belonging to two separate Kurdish opposition groups, the BBC has confirmed. (BBC News Web Page: 05/03/26, FARUK)

**US SENATE VOTE FAILS TO REIN IN TRUMP WAR POWERS ON IRAN**

A bipartisan resolution aimed at limiting President Donald Trump's ability to wage war in Iran has failed in the US Senate, as the strikes continue. The war powers measure was rejected in a 53-47 vote largely along party lines. It would have halted US military action in Iran without congressional approval. Democrats argue that Trump has sidelined Congress and offered shifting reasons for the war. Most Republicans blocked the resolution, but some said they could change course if the war expands in the coming weeks. The US and Israel began striking Iran on Saturday. The Islamic republic has responded by launching attacks on Israel and US-allied states in the Gulf. (BBC News Web Page: 05/03/26, FARUK)

# :: THE END ::